

SANSKRIT LANGUAGE AND LITERATURE

by

ÍŚWARA CHANDRA VIDYÁSÁGARA.

FOURTH EDITION.

संस्कृत भाषा ओ संस्कृत साहित्य
शास्त्र विषयक प्रस्ताव

श्रीशंखरचन्द्र विद्यासागर विरचित ।


चतुर्थ संस्करण ।


CALCUTTA :


PUBLISHED BY THE SANSKRIT PRESS DEPOSITORY,

NO. 3, MIRZAPUR STREET, COLLEGE SQUARE, CALCUTTA.

1879.







এই প্রস্তাব, প্রথমতঃ, কলিকাতাছ বীটন সোসাইটি
মাধ্যক সমাজে পঠিত হইয়াছিল। অনেকে, এই প্রস্তাব
মুদ্রিত করিবার নিমিত্ত, সবিশেষ অনুরোধ করিতে, আমি,
তৎকালীন সভাপতি মহামতি শ্রীযুত ডাক্তর মোয়েট মহো-
দয়ের অনুমতি লইয়া, দুই শত পুস্তক মুদ্রিত করিয়া বিতরণ
করি।

যে প্রস্তাব যে সমাজে পঠিত হয়, সে প্রস্তাব সে সমা-
জের হাম্পদীভূত হইয়া থাকে ; এজন্য, আমি উক্ত ডাক্তর
মহোদয়ের নিকট প্রস্তাবের অধিকার ক্রয় করিবার প্রস্তাব
করিয়াছিলাম। কিন্তু তিনি, অনুগ্রহ প্রদর্শন পূর্বক, আমাকে
বিনা মূল্যে সেই অধিকার প্রদান করেন। তদনুসারে,
আমি এই প্রস্তাব পুনরায় মুদ্রিত ও প্রচারিত করিলাম।

আমি বিলক্ষণ অবগত আছি, এরূপ গুরুতর প্রস্তাব
বেগুন সঙ্কলিত হওয়া উচিত ও আবশ্যিক, কোনও রূপেই
সেইটি হয় নাই। বস্তুতঃ, এই প্রস্তাবে বহুবিধ সৎস্কৃত
সংস্কৃত শাস্ত্রের অন্তর্গত কতিপয় সুপ্রসিদ্ধ গ্রন্থের নামোল্লেখ
করা হইয়াছে। বীটন সোসাইটিতে, এক ঘণ্টা মাত্র সময়,
প্রস্তাব পাঠের নিমিত্ত, নিরূপিত আছে ; সেই সময়ের মধ্যে
ঘাঘাতে পাঠ সম্পন্ন হয়, সে বিষয়েই অধিক দৃষ্টি রাখিয়া,
সুতন্ত্র সংক্ষিপ্ত প্রশংসা অবলম্বন করিতে হইয়াছিল।

এক্ষণে, এরূপ অসম্যক সঙ্কলিত প্রস্তাব পুনর্মুদ্রিত করিবার তাৎপর্য এই যে, আমার কতিপয় আত্মীয় ভূয়োভূয়ঃ কহিয়াছিলেন, এই প্রস্তাব পাঠ করিলে, সংস্কৃত কালেজের ছাত্রদিগের উপকার দর্শিতে পারে, অতএব ইহা পুনর্মুদ্রিত করা আবশ্যিক ; তদ্ব্যতিরিক্ত, অগ্রান্ত্র লোকেও, এই প্রস্তাব পাঠ করিবার নিমিত্ত, উৎসুক্য প্রকাশ করিয়াছিলেন ; তৎপ্রযুক্ত, আমি মানস করিয়াছিলাম, প্রকৃত প্রস্তাবে সংস্কৃত ভাষা ও সংস্কৃত সাহিত্যশাস্ত্র বিষয়ক এক প্রস্তাব রচনা করিয়া, মুদ্রিত ও প্রচারিত করিব। কিন্তু, নিঃসন্ত অনবকাশ বশতঃ, এ পর্য্যন্ত আমি সে মানস পূর্ণ করিতে পারি নাই ; এবং কিছু কালও যে সম্যক রূপে তাদৃশ প্রস্তাব সঙ্কলনের উপযুক্ত অবকাশ পাইব, তাহারও সম্ভাবনা নাই ; এজ্জগৎ, আপাততঃ, এই প্রস্তাব বখাবস্থ মুদ্রিত ও প্রচারিত হইল।

শ্রীঈশ্বরচন্দ্র শর্মা।

কলিকাতা, সংস্কৃতকালেজ।

১৪ই চৈত্র, সংবৎ ১৯১৩।

संस्कृत भाषा ओ संस्कृत साहित्यशास्त्र ।



संस्कृत अति प्राचीन ओ अति उ॒त्कृष्ट भाषा । ऐइ अद्भुत भाषाय तूरि तूरि शब्द, तूरि तूरि षातू, तूरि तूरि विभक्ति, ओ तूरि तूरि प्रत्यय आछे, एवं एक एक शब्दे ओ एक एक षातूते नाना प्रत्यय ओ नाना विभक्तिर षोग करिया, तूरि तूरि नूतन शब्द ओ तूरि तूरि पद सिद्ध करा याइते पारे । एरूप अतिप्रायइ नाइ षे ऐइ भाषाते अति विशद रूपे ब्यक्त करिते पारा षाय ना ; एवं एरूप विषयइ नाइ षे ऐइ भाषाते सूचाक रूपे सकलित हइते पारे ना । अति प्राचीन काल अवधि, अति प्रुषान प्रुषान पण्डितेरा, नाना विषये नाना ग्रन्थ रचना करिया, ऐइ भाषाके सम्यक मार्ज्जित ओ अलकृत करिया गियाछेन ।

संस्कृत भाषाय दुइ पद परस्पर समिहित हइले, पूर्क, पर, अथवा उ॒डय, वर्णइ प्राय रूपान्तर प्राप्ति हय । षे प्रक्रिया द्वारा ऐइ रूपान्तरप्राप्ति सिद्ध हय, ताहाके

সন্ধি বলে। সন্ধিপ্রক্রিয়া দ্বারা ভাবার অশ্রাব্যতা পরীহার ও স্মশ্রাব্যতাসম্পাদন হইয়া থাকে। আর, প্রক্রিয়াবিধে দ্বারা অনেক পদকে এক পদ করা যায়। এই অনেক পদের একপদীকরণপ্রণালীকে সমাস বলে। সমাসপ্রক্রিয়া দ্বারা সংক্ষিপ্ততা ও স্মশ্রাব্যতা সম্পন্ন হইয়া থাকে। কিন্তু ইহা অবশ্য স্বীকার করিতে হইবেক, সমাসঘটিত বাক্য সকল অপেক্ষাকৃত দুর্বল, আবৃত্তি মাত্র তত্ত্বদ্বাক্যের অর্থবোধ নির্বাহ হইয়া উঠে না। সমাসপ্রণালী অবলম্বন করিয়া, ইচ্ছানুরূপ দীর্ঘ পদ প্রস্তুত করা যাইতে পারে। প্রাচীন গ্রন্থকর্তারা তাদৃশ সমাসপ্রিয় ছিলেন না। কিন্তু নব্যেরা সচরাচর অতি দীর্ঘ দীর্ঘ সমাস করিয়া থাকেন। কোনও কোনও উৎকৃষ্ট কাব্যগ্রন্থেও, বিংশতি পদ পর্য্যন্ত একপদীকৃত দেখিতে পাওয়া যায়।

যাহা হউক, সংস্কৃত বৈয়াকরণেরা সন্ধি, সমাস, পদসাধন, ও প্রকৃতিপ্রত্যয়যোগে নূতন নূতন শব্দ সঙ্কলন করিবার যে সমস্ত অভিনব পথ প্রস্তুত করিয়া গিয়াছেন, তদ্বারা সংস্কৃত এক অদ্ভুত ভাষা হইয়া উঠিয়াছে। সংস্কৃত ভাষায় কি সরল, কি বক্র, কি মধুর, কি কৰ্কশ, কি ললিত, কি উদ্ধত, সর্বপ্রকার রচনাই সমান সুন্দর রূপে সম্পন্ন হইয়া উঠে। সংস্কৃত রচনাতে এরূপ অসাধারণ কোশল প্রদর্শিত হইতে পারে যে তদর্শনে বিস্ময়াপন্ন হইতে হয়।

ଭ୍ରମଦ ଭ୍ରମଦ ଭ୍ରମଦ ଭ୍ରମଦ

ଭ୍ରମରଞ୍ଚଳତଃ ଧ୍ବଳୁ କାମିଜନଃ ॥ ୧ । ୧୬ ॥

ନଲୋଦୟ ।

ଘନଂ ବିଦାର୍ଯ୍ୟାଞ୍ଜନବାଣପୁଂ

ସସାର ବାଣୋଽଧ୍ୟୁଗଲୋଚନସ୍ୟ ।

ଘନଂ ବିଦାର୍ଯ୍ୟାଞ୍ଜନବାଣପୁଂ

ସସାର ବାଣୋଽଧ୍ୟୁଗଲୋଚନସ୍ୟ ॥ ୧୫ । ୫୦ ॥

କିରୀତାଞ୍ଚୁନୀୟ ।

ବଭୌ ମହତ୍ସ୍ବାନ୍ ବିକ୍ରତଃ ସମୁଦ୍ରୋ

ବଭୌ ମହତ୍ସ୍ବାନ୍ ବିକ୍ରତଃ ସମୁଦ୍ରଃ ।

ବଭୌ ମହତ୍ସ୍ବାନ୍ ବିକ୍ରତଃ ସମୁଦ୍ରୋ

ବଭୌ ମହତ୍ସ୍ବାନ୍ ବିକ୍ରତଃ ସମୁଦ୍ରଃ ॥ ୧୦ । ୧୧ ॥

ଭଞ୍ଜିକାବ୍ୟ ।

ନିମ୍ନଲିଖିତ ଦୁଇ ଶ୍ଳୋକ, ଆଦି ହୈତେ ଆରମ୍ଭ କରିয়া
ପାଠ କରିଲେ ଯେରୂପ ହୁଏ, ଅନ୍ତ ହୈତେ ଆରମ୍ଭ କରିয়া
ପାଠ କରିଲେ ଓ ଅବିକଳ ମେହେରୂପ ହୁଏ ।

ବାହନାଜନି ମାନାସେ ସାରାଜାବନମା ତତଃ ।

ମନ୍ତସାରଗରାଜେ ଭେ ଭାରିହାବଜ୍ଜନଧ୍ବନି ॥ ୧୧ । ୩୩ ॥

ନିଧ୍ବନଜ୍ଜବହାରିଭା ଭେଜେ ରାଗରସାନ୍ତମଃ ।

ତତମାନବଜାରାସା ସେନା ମାନିଜନାହ୍ବା ॥ ୧୧ । ୩୪ ॥

ଶିଶୁପାଳବଦ୍ଧ ।

নিম্নলিখিত শ্লোক নানা দিকে এক প্রকার পাঠ করা যায়।

দে বা কা নি নি কা বা দে
 বা হি কা স্ব স্ব কা হি বা ।
 কা কা রে ভ ভ রে কা কা
 নি স্ব ভ ব্য ব্য ভ স্ব নি ॥১৪।২৫॥
 কিরাতার্জুণীয় ।

সংস্কৃত ভাষায় সরল, মধুর, মলিত শ্রুতি রচনা কিরূপ হইতে পারে, তাহারও উদাহরণ প্রদর্শনের নিমিত্ত, কয়েকটি স্থল উদ্ধৃত হইতেছে।

সখে পুণ্ডরীক, নৈতদনুরূপং ভবতঃ; স্তুত্ৰজনস্থল
 ষষ মার্গঃ; ধৈর্যধনা হি সাধবঃ। কিং যঃ কচ্ছিত
 প্রাকৃত বৃষ বিক্লাবীভবন্তমাআনং ন কৃণ্যতি । কৃত-
 স্তবাপূৰ্ণোঽয়মদ্যেन्द्रিয়োপস্রবঃ, যেনাস্যেবং কৃতঃ। ক তে
 তদ্বৈর্যং, কাসাভিন্দ্রিয়জয়ঃ, ক তদ্বশিত্বং চেতসঃ, ক
 সা প্রশান্তিঃ, ক তৎ কুলক্রমাগতং ব্রহ্মচর্যং, ক সা
 সৰ্ববিঘয়নিরত্বকৃতা, ক তে গুরূপদেশাঃ, ক তানি
 শ্রুতানি, ক তা বৈরাম্যবুদ্ধয়ঃ, ক তদুপভোগবিদ্বৈষিত্বং,
 ক সা সুখপরাশ্রুখতা, কাসৌ তপস্যভিনিবেশঃ, ক
 সা সংযমিতা, ক সা ভোগানাশুপর্যর্হচ্চিঃ, ক তৎ
 যৌবনানুশাসনম্। সৰ্বথা নিষ্কলা প্রক্ৰা, নিৰ্গুণো

धर्मशास्त्राभ्यासः, निरर्थकः संस्कारः, निरूपकारको
गुरूपदेशविवेकः, निष्प्रयोजना प्रवृत्ता, निष्कारणं
ज्ञानम् ; यदत्र भवादृशा अपि रागाभिषङ्गैः कलुषी-
क्रियन्ते प्रमादैश्चाभिभूयन्ते । कथं करतलाङ्गलिता-
मपहृतामक्षमालामपि न लक्षयसि ; अहो विगत-
चेतनत्वम् ; अपहृता नामेयम् ; इदमपि तावद्-
पङ्क्तिमयाणमनयानार्थ्या निवार्यतां हृदयमिति ।

कापश्री ।

इति परिसमापिताहारां, निर्वर्त्तितसन्धोचिता-
चारां, शिलातले विस्त्रब्धमुपविष्टां निभृतमुपसृष्ट्य,
नातिदूरे समुपविश्य, मुहूर्त्तमिव स्थित्वा चन्द्रापीडः
सविनयमवादीत् । भगवति त्वत्प्रसादप्राप्तिप्रोत्साहितेन
कुदहलेनाकुलीक्रियमाणो मानुषतासुलभो लघिमा
बलादनिच्छन्तमपि मां प्रन्नकर्म्मणि नियोजयति । जन-
यति हि प्रभुप्रसादलवोऽपि प्रागल्भ्यमधौरप्रकृतेः ;
स्वल्पाप्येकदेशावस्थानकालकला परिचयमुत्पादयति ;
अगुरप्युपचारपरिग्रहः प्रणयमारोपयति । तद्यदि नाति-
खेदकरमिव, ततः कथनेनात्मानमनुप्राक्ष्यमिच्छामि ।

कापश्री ।

वनस्पतीनां सरसां नदीनां

तेजस्विनां कान्तिभृतां दिशाञ्च ।

निर्याय तस्याः स पुरः समन्तात्
 त्रियं दधानां शरदं दंदर्श ॥ २। १ ॥
 तरङ्गसङ्गाञ्चपलैः पलाशैः
 ज्वालात्रियं सातिशयां दधन्ति ।
 सधूमदीप्ताग्निश्चीनि रेजुः
 ताम्रोत्पलान्याकुलघट्टपदानि ॥ २। २ ॥
 विम्बागतैस्तीरवनैः सच्छृङ्गं
 निजां विलोक्यापहृतां पयोभिः ।
 कूलानि सामर्षतयेव तेषुः
 सरोजलक्ष्मीं स्थलपद्महासैः ॥ २। ३ ॥
 निशातुषारैर्नयनाम्बुकल्पैः
 पत्रान्तपथ्यांगलदच्छ्रविन्दुः ।
 उपाहरोदेव नदत्पतङ्गः
 कुमुद्वतीं तीरतर्दिनादौ ॥ २। ४ ॥
 वनानि तोयानि च नेत्रकल्पैः
 पुष्पैः सरोजैश्च निलीनभङ्गैः ।
 परस्परं विस्मयवन्ति लक्ष्मी-
 मालोकयाश्चक्रुदिवादरेण ॥ २। ५ ॥
 प्रभातवाताहृतिकम्पिताकृतिः
 कुमुद्वतीरेणुपिग्रङ्गविग्रहम् ।

निरास भङ्गं कुपितेव पद्मिनी
 न माङ्गिनीशं संहतेऽन्यसङ्गमम् ॥ २ । ६ ॥
 दत्तावधानं मधुलेहिगीतौ
 प्रशान्तचेष्टं हरिणं जिघांसुः ।
 आकर्णयन्नुत्सुकहंसनादान्
 लक्ष्ये समाधिं न दधे ऋगावित् ॥ २ । ७ ॥
 गिरेर्नितम्बे मरुता विभिन्वं
 तोयावशेषेण हिमाभमभ्रम् ।
 सरिन्मुखाभ्युच्चयमादधानं
 शैलाधिपस्थानुचकार लक्ष्मीम् ॥ २ । ८ ॥
 गर्जन् हरिः साम्नासि शैलकुञ्जे
 प्रतिध्वनीनात्महतान् निशम्य
 क्रमं बबन्ध क्रमितुं सकोपः
 प्रतर्कयन्नन्यष्टगेन्द्रनादान् ॥ २ । ९ ॥
 अट्टक्षताम्नांसि नवोत्पलानि
 रतानि चाश्रोषत घट्पदानाम् ।
 आग्राधि षान् गन्धवहः सुगन्ध-
 सेनारविन्दव्यतिषङ्गवाञ्छ ॥ २ । १० ॥
 लतानुपातं कुसुमान्यमृत्स्नात्
 स नद्यवस्कान्दसुपास्युशच्च ।

कुङ्कुलाञ्जारुशिलोपवेशं
 काकुत्स्थ ईषत् सयमान आसुत् ॥ २ । ११ ॥
 तिग्मांशुरश्लिष्कुरितान्यदूरात्
 प्राञ्चि प्रभाते सलिलान्यपश्यत् ।
 गभस्तिधाराभिरिव द्रुतानि
 तेजांसि भानोर्भुवि सम्मृतानि ॥ २ । १२ ॥
 दिग्ब्यापिनीर्लोचनलोभनीया
 ऋजान्वयाः स्नेहमिव स्ववन्तीः ।
 ऋज्वायताः शस्यविशेषपंक्ती-
 स्तुतोष पश्यन् विदृष्टान्तरालाः ॥ २ । १३ ॥
 वियोगदुःखानुभवानभिज्ञैः
 काले नृपांशं विहितं ददद्भिः ।
 आहार्यशोभारहितैरमायै-
 रैक्षित पुम्भिः प्रचितान् स गोष्ठान् ॥ २ । १४ ॥
 स्त्रीभूषणं चेष्टितमप्रगल्भं
 चारूण्ययक्राण्यपि वीक्षितानि ।
 ऋजूंश्च विश्वासकृतः स्वभावान्
 गोपाङ्गनानां मुमुदे विलोक्य ॥ २ । १५ ॥
 विदत्तपार्श्वं रुचिराङ्गहारं
 समुद्वहञ्चारुनितम्बविम्बम् ।

आमन्द्रमन्धनिदत्ततालं
 गोपाङ्गनावृत्त्यमन्दयत्तम् ॥ २ । १६ ॥
 विचित्रमुच्चैः स्रवमानमारात्
 कुदहलं तस्रु ततान तस्य ।
 मेघात्ययोपान्तवनोपशोभम्
 कदम्बकं वातमजं ष्टगायाम् ॥ २ । १७ ॥
 सितारविन्दप्रचयेषु लीनाः
 संसक्तफेनेषु च सैकतेषु ।
 कुन्दावदाताः कलहंसमालाः
 प्रतीयिरे श्रोत्रसुखैर्निनादैः ॥ २ । १८ ॥
 न तज्जलं यन्त्र सुचारुपङ्कजम्
 न पङ्कजं यदलीनषट्पदम् ।
 न षट्पदोऽसौ न जुगुञ्ज यः कलं
 न गुञ्जितं तन्म जहार यन्मनः ॥ २ । १९ ॥

उडिकावा ।

अथाङ्गरात्रे स्तिमितप्रदीपे
 शब्द्यागृहे सुप्तजने प्रबुद्धः ।
 कुशः प्रवासस्यकलत्रवेशा-
 सहृष्टपूर्वां वनितामपश्यत् ॥ १६ । ४ ॥

सा साधुसाधारणपार्थिवर्षेः
 स्थित्वा पुरस्तात् पुरुहृतभूसः ।
 जेतुः परेषां जयशब्दपूर्वम्
 तस्याञ्जलिं बन्धुमतो बबन्ध ॥ १६ । ५ ॥
 अथानपोद्गार्गलमप्यगारं
 क्वायामिवादर्शतलं प्रविष्टाम् ।
 सविस्त्रयो दाशरथेस्तनूजः
 प्रोवाच पूर्णाङ्गविष्टतल्पः ॥ १६ । ६ ॥
 लब्धान्तरा सावरणोऽपि गेहे
 योगप्रभावो नच दृश्यते ते ।
 विभिर्घि चाकारमनिर्दृशानां
 शृणालिनी हैममिवोपरागम् ॥ १६ । ७ ॥
 का त्वं शुभे कस्य परिग्रहो वा
 किं वा मदभ्यागमकारणं ते ।
 आचक्ष्व मत्वा वशिनां रघूणां
 मनः परस्त्रीविमुखप्रवृत्ति ॥ १६ । ८ ॥
 तमब्रवीत् सा गुरुणानवद्या
 या नीतपौरा स्वपदोन्मुखेन ।
 तस्याः पुरः सम्प्रति वीतनाथां
 जानीहि राजन्मधिदेवतां माम् ॥ १६ । ९ ॥

वस्त्रौकसारामभिभूय साहं
सौराज्यवद्धोत्ववया विभूत्या ।
समग्रशतौ त्वयि सूर्यवंशे

१ सति प्रपन्ना करुणामवस्थाम् ॥ १६ । १० ॥

विशीर्णतल्पादृशतो निवेशः
पर्यस्तशालः प्रभुणा विना मे ।

विदम्बयत्यस्तनिमग्नसूर्यं

दिनान्तमुग्रानिलभिन्वमेवम् ॥ १६ । ११ ॥

निशासु भास्वत्कलनूपुराणां

यः सञ्चरोऽभूदभिसारिकाणाम् ।

नदन्मुखोल्काविचितामिषाभिः

स वाह्यते राजपथः शिवाभिः ॥ १६ । १२ ॥

आस्फालितं यत् प्रमदाकराग्रै-

र्द्धदङ्गधीरध्वनिमन्वगच्छत् ।

वन्यैरिदानीं महिषैस्तदम्भः

शृङ्गाहतं क्रोशति दीर्घिकाणाम् ॥ १६ । १३ ॥

दृक्षेयया यष्टिनिवासभङ्गात्

सृदङ्गशब्दापगमादलास्याः ।

प्राप्ता दवोल्काहतशेषवर्हाः

क्रीडामयूरा वनवर्हिण्यत्वम् ॥ १६ । १४ ॥

सोपानमार्गेषु च येषु रामा
 निक्षिप्तवत्यश्वरणान् सरागान् ।
 सद्यो हतन्यङ्कुभिरस्रदिग्धं
 व्याघ्रैः पदं तेषु निधीयते मे ॥ १६ । १५ ॥
 चित्रद्विपाः पद्मवनावतीर्णाः
 करेणुभिर्दत्तसृणालभङ्गाः ।
 नखाङ्कुशाघातविभिन्नुकुम्भाः
 संरम्भसिंहप्रहृतं वहन्ति ॥ १६ । १६ ॥
 स्तम्भेषु योषित्प्रतियातनानाम्
 उक्क्रान्तवर्णकमधूसराणाम् ।
 स्तनोत्तरीयाणि भवन्ति सङ्गात्
 निर्मोकपद्मः फण्णिभिर्विमुक्ताः ॥ १६ । १७ ॥
 कालान्तरश्चामसुधेषु नक्त-
 मितस्तती रूढदृष्ट्याङ्कुरेषु ।
 त एव मुक्तागुणशुद्धयोऽपि
 हस्येषु मूर्च्छन्ति न चन्द्रपादाः ॥ १६ । १८ ॥
 आवर्ज्य शाखाः सदयञ्च यासां
 पुष्पाणुप्रपात्तानि विलासिनीभिः ।
 वन्यैः पुलिन्दैरिव वानरैस्ताः
 क्लिश्यन्त उद्यानलता मदीयाः ॥ १६ । १९ ॥

रात्रावनाविष्कृतदीपभासः
 कान्तामुखश्रीवियुता दिवापि ।
 तिरस्क्रयन्ते क्लमिन्तुजालै-
 र्विच्छिन्नधूमप्रसरा गवाक्षाः ॥ १६ । २० ॥
 बलिक्रियावर्जितसैकतानि
 स्नानीयसंसर्गमनाप्रवन्ति ।
 उपान्तवानीरगृह्याणि दृष्ट्वा
 शून्यानि द्रूये सरयूजलानि ॥ १६ । २१ ॥
 तदर्हसीमां वसतिं विसृज्य
 मामभ्युपेतुं कुलराजधानीम् ।
 हित्वा तनुं कारणमाणुषीं मां
 यथा गुह्ये परमात्मवृत्तिम् ॥ १६ । २२ ॥
 तथेति तस्याः प्रणयं प्रतीतः
 प्रत्यग्रहीत् प्राग्रहरो रघूणाम् ।
 पूरय्यभिव्यक्तसुखप्रसादा
 शरीरबन्धेन तिरोबभूव ॥ १६ । २३ ॥

३शु२९७१।

सुकुमारमहो लघीयसां
 हृदयं तन्नतमप्रियं यतः ।

सहसैव समुद्भिरन्त्यमी
 क्षपयन्त्येव हि तन्मनीषिणः ॥ १६ । २१ ॥
 उपकारपरः स्वभावतः
 सततं सर्वजनस्य सज्जनः ।
 असतामनिशं तथाप्यहो
 गुरुहृद्रोगकरी तदुन्वतिः ॥ १६ । २२ ॥
 परितप्यत एव नोत्तमः
 परितप्तोऽप्यपरः सुसंवृतिः ।
 परवृद्धिभिराहितव्यथः
 स्फुटनिर्भिन्न्दुराशयोऽधमः ॥ १६ । २३ ॥
 अनिराकृततापसम्पदं
 फलहीनां सुमनोभिरुष्कृताम् ।
 खलतां खलतामिवासतीं
 प्रतिपद्येत कथं बुधो जनः ॥ १६ । २४ ॥
 प्रतिवाचमदत्त केशवः
 शपमानाय न चेदिभृभुजे ।
 अतुङ्गङ्गुशते धनध्वनिं
 नहि गोमायुस्तानि केशरी ॥ १६ । २५ ॥
 जितरोषरया महाधियः
 सपदि क्रोधजितो लघुर्जनः ।

विजितेन जितस्य दुर्मते-
 र्भतिमद्भिः सह का विरोधिता ॥ १६ । २६ ॥
 वचनैरसतां महीयसो
 न खलु व्येति गुरुत्वमुद्धतैः ।
 किमपैति रजोभिरोर्वरै-
 रवकीर्णस्य मणोर्महार्घता ॥ १६ । २७ ॥
 परितोषयिता न कश्चन
 स्वगतो यस्य गुणोऽस्ति देहिनः ।
 परदोषकथाभिरल्पकः
 स्वजनं तोषयितुं किलेच्छति ॥ १६ । २८ ॥
 सहजान्धदृशः स्वदुर्णये
 परदोषेक्षणदिव्यचक्षुषः ।
 स्वगुणोच्चगिरो मुनिव्रताः
 परवर्णग्रहणेष्वसाधवः ॥ १६ । २९ ॥
 प्रकटान्यपि नैपुणं महत्
 परवाच्यानि चिराय गोपितम् ।
 विवरीतुमथात्मनो गुणान्
 भ्रशमाकौशलमार्य्यचेतसाम् ॥ १६ । ३० ॥
 किमिवाखिललोककीर्तितं
 कथयत्यात्मगुणं महामनाः ।

বহিতা ন লঘীয়সোমেদ:

স্বগুণ্যং তেন বদত্যসী স্বয়ম্ ॥ ১৬ ॥ ২১ ॥

শিশুপালবধ ।

সংস্কৃতভাষা এক্ষণে আর কথোপকথনে ও লৌকিক ব্যবহারে প্রচলিত নহে। ভারতবর্ষীয় পণ্ডিতেরা কহিয়া থাকেন, সংস্কৃত দেবভাষা। ভারতবর্ষীয়েরা, আদিকাল মবধি, ঐ দেবভাষার কথোপকথন ও লৌকিক ব্যবহার নির্বাহ করিতেন; তদনুসারে সংস্কৃত ভারতবর্ষীয় আদিম নিবাসী লোকদিগের ভাষা হয়। কিন্তু, ইয়ুরোপীয় পণ্ডিতরা, শব্দবিদ্যার অনুশীলন প্রভাবে, নিরূপণ করিয়াছেন, সংস্কৃত ভারতবর্ষের আদিম নিবাসী লোকদিগের ভাষা ই; সংস্কৃতভাষী লোকেরা পৃথিবীর অন্য প্রদেশে আসিয়া, ভারতবর্ষে আবাস গ্রহণ করিয়াছেন। ই প্রদেশ ইরান। তাঁহাদের গবেষণা দ্বারা নির্দ্ধারিত আছে, অতি পূর্ব কালে, ইরানের আদিম নিবাসী লোকেরা, সময়ে সময়ে, ভারতবর্ষ, গ্রীস, ইটালি, জার্মানি ভূতি প্রদেশে বাস করিয়াছেন। ইঁহারা ইরানে অবস্থিতিকালে একজাতি ও একভাষাভাষী ছিলেন। ঐ এক জাতি, ভিন্ন ভিন্ন প্রদেশে অবস্থিত হইয়া, হিন্দু, গ্রীক, মক, জার্মান প্রভৃতি ভিন্ন ভিন্ন জাতি হইয়াছেন; এবং, এক ভাষাই, ক্রমে ক্রমে রূপান্তর প্রাপ্ত হইয়া, ভারত-

বর্ষে সংস্কৃত, গ্রীসে গ্রীক, ইটালিতে ল্যাটিন, জার্মানিতে জার্মান প্রভৃতি ভিন্ন ভিন্ন ভাষা হইয়া উঠিয়াছে। কালক্রমে, বিভিন্ন প্রদেশে এই সকল ভাষা একরূপ রূপান্তর প্রাপ্ত হইয়াছে যে উহাদিগের পরস্পর কোনও সম্বন্ধ আছে, ইহা আপাততঃ প্রতীয়মান হয় না। কিন্তু এই সমস্ত যে এক মূল ভাষার পরিণামবিশেষ মাত্র, এ বিষয়ে সংশয় হইবার বিষয় নাই। ইয়ুরোপীয় পণ্ডিতেরা এ বিষয়ে যে সমস্ত প্রমাণ প্রদর্শন করিয়াছেন, সংক্ষেপে সে সকলে উল্লেখ করিলে হৃদয়ঙ্গম হওয়া কঠিন। বিশেষতঃ বাঙ্গালা ভাষার অদ্যাপি একরূপ শ্রীবৃদ্ধি হয় নাই যে এ সমস্ত বিষয় ইহাতে সংক্ষেপে ও বিশদ রূপে ব্যক্ত করা যাইতে পারে; এ নিমিত্ত, ফলিতার্থ মাত্র উল্লিখিত হইল।

সাহিত্যশাস্ত্র।

সংস্কৃত আলঙ্কারিকেরা সাহিত্যশাস্ত্রকে দুই প্রধান ভাগে বিভক্ত করেন, শ্রব্য কাব্য ও দৃশ্য কাব্য। তাঁহার এই দুই বিভাগের মধ্যেই, সমুদয় সাহিত্যশাস্ত্র সমাবেশিত করিয়াছেন। শ্রব্য কাব্য ত্রিবিধ, পদ্যময়, গদ্যময় গদ্যপদ্যময়। পদ্যময় কাব্যও ত্রিবিধ; মহাকাব্য, খণ্ডকাব্য, কোষকাব্য। গদ্যময় কাব্যকে আলঙ্কারিকেরা

কথা ও আখ্যায়িকা এই দুই ভাগে বিভক্ত করিয়া থাকেন। কিন্তু এ উভয়ের বৈলক্ষণ্য এমন সামান্য যে ইহাদিগের ভাগদ্বয়ে বিভাগ অনাবশ্যক ও অকিঞ্চিৎকর। গদ্যপদ্য-ময় কাব্যকে চম্পূ বলে। চম্পূ কাব্যের বিভাগ নাই।

মহাকাব্য।

কোনও দেবতার, অথবা সদ্ধংশজাত অশেষসঙ্গ-সম্পন্ন ক্ষত্রিয়ের, কিংবা একবংশোদ্ভব বহু ভূপতিদিগের বৃত্তান্ত লইয়া যে কাব্য রচিত হয়, তাহাকে মহাকাব্য বলে। মহাকাব্য নানা সর্গে অর্থাৎ পরিচ্ছেদে বিভক্ত। সর্গসংখ্যা অষ্টাধিক না হইলে, তাহাকে মহাকাব্য বলে না। সংস্কৃতভাষায় যত মহাকাব্য আছে, তাহাতে দ্বাবিংশতির অধিক সর্গ দেখিতে পাওয়া যায় না। কোনও মহাকাব্য আদ্যোপান্ত এক ছন্দে রচিত নহে; এক এক এক এক ভিন্ন ভিন্ন ছন্দে রচিত। সর্গের অবসানে দুই, অথবা তদধিক অন্য অন্য ছন্দের শ্লোক থাকে। এক সর্গই যে এক এক ভিন্ন ভিন্ন ছন্দে রচিত, এমন নহে। কাব্যে দুই, তিন, চারি, পাঁচ সর্গও এক ছন্দে রচিত হিতে পাওয়া যায়। কোনও কোনও সর্গ নানা ছন্দেও রচিত হইয়া থাকে। সর্গ সকল অতি সংক্ষিপ্ত অথবা অতি দীর্ঘ হইতে পারে। সর্গের শেষে পর সর্গের বৃত্তান্তসূচনা থাকে।

মহাকাব্য সকল আদিরস অথবা বীররস প্রধান, মধ্যে মধ্যে অন্যান্য রসেরও প্রসঙ্গ থাকে। কবি, কিংবা বর্ণনীর বিষয়, অথবা নায়কের নাম অনুসারে মহাকাব্যের নাম নির্দেশ হয়।

রঘুবংশ।

সংস্কৃত ভাষায় বত মহাকাব্য আছে, কালিদাসপ্রণীত রঘুবংশ সর্বোপেক্ষা সর্বোংশে উৎকৃষ্ট। 'কালিদাস কীদৃশকবিত্ত্বশক্তিসম্পন্ন ছিলেন, বর্ণনা করিয়া অত্ৰেঃ হৃদয়ঙ্গম করা দুঃসাধ্য। ষাঁহার কাব্যের স্বার্থরূপ রসা স্বাদে অধিকারী, সেই মহাদয় মহাশয়েরাই বুঝিতে পারেন, কালিদাস কিরূপ কবিত্ত্বশক্তি লইয়া ভূমণ্ডলে অবতীর্ণ হইয়াছিলেন। তিনি সর্বোৎকৃষ্ট মহাকাব্য সর্বোৎকৃষ্ট খণ্ডকাব্য, সর্বোৎকৃষ্ট নাটক লিখিয়া গিয়াছেন। বোধ হয়, কোনও দেশের কোনও কবি, আমাদের কালিদাসের ন্যায়, সকল বিষয়ে সমান সৌভাগ্যশালী ও ক্ষমতাপন্ন ছিলেন না।

তিনি যে অলৌকিক কবিত্ত্বশক্তি পাইয়াছিলেন স্বরচিত কাব্যসমূহে সেই শক্তি সম্পূর্ণ রূপে প্রদর্শিত করিয়া গিয়াছেন। তাঁহার বর্ণনা সকল পাঠ করিয়া চমৎকৃত ও মোহিত হইতে হয়; তাহাতে অত্যাঞ্জিত সংশ্র

মাত্র দেখিতে পাওয়া যায় না; আত্মোপাস্ত্র স্বভাবোক্তি
 মলঙ্কারে অলঙ্কৃত। বস্তুতঃ, এবংবিধ সম্পূর্ণরূপ স্বভাবানু-
 যায়িনী ও একান্ত হৃদয়গ্রাহিণী বর্ণনা সংস্কৃত ভাষায় আর
 দেখিতে পাওয়া যায় না। কালিদাসের উপমা যার পর নাই
 মনোহারিণী; বোধ হয়, কোনও দেশের কোনও কবি উপমা
 বিষয়ে কালিদাসের সমকক্ষ নহেন। তিনি এরূপ সজ্জেক্ষেপে,
 এরূপ লোকসিদ্ধ বিষয় লইয়া, উপমা সঙ্কলন করিয়াছেন
 পাঠক মূর্ত্তেরই, অনায়াসে ও আবৃত্তি মাত্র, উপমান ও
 পমেয়ের সৌন্দর্য্য হৃদয়ঙ্গম হয়। তাঁহার রচনা সংস্কৃত
 রচনার আদর্শ স্বরূপ হইয়া রহিয়াছে। যাঁহারা তাঁহার
 রচনার সংস্কৃত রচনা করিয়া গিয়াছেন, কিংবা যাঁহারা
 তাঁহার পরে সংস্কৃত রচনা করিয়াছেন, কি কবি, কি
 কবি-শিল্পী, কাহারই রচনা, তাঁহার রচনার তুল্য,
 মনোহারিণী ও মনোহারিণী নহে। তাঁহার রচনা সরল,
 সরল ও ললিত। তিনি একটিও অনাবশ্যক অথবা পরি-
 হাস শব্দ প্রয়োগ করেন নাই। কালিদাসের গ্রন্থ পাঠ
 করিলে, ইহা স্পষ্ট প্রতীয়মান হয় যে, ঐ সমস্ত তাঁহার
 রচনার মুখ হইতে অক্লেশে ও অনর্গল নির্গত হইয়াছে,
 যাহা বা ভাবসঙ্কলনের নিমিত্ত, তাঁহাকে এক মুহূর্ত্তও
 কষ্ট করিতে হয় নাই। বস্তুতঃ, এরূপ রচনা ও এরূপ
 উজ্জ্বলতা এ উভয়ের একত্র সম্ভবতঃ অতি বিরল। এই
 সত্ত্বে, কালিদাসপ্রণীত কাব্যের এত আদর ও এত

গৌরব ; এই নিমিত্তই, ভারতবর্ষীয় লোকেরা কালিদাসকে সরস্বতীর বরপুত্র বলিয়া নির্দেশ করিয়া থাকেন ; এই নিমিত্তই, প্রসন্নরাঘবকর্তা জয়দেব, স্বীয় নাটকের প্রস্তাবনাতে, কালিদাসকে কবিকুলগুরু বলিয়া নির্দেশ করিয়াছেন ; এবং এই নিমিত্তই, কি স্বদেশে কি বিদেশে, কালিদাসের নাম অজ্ঞাপি দেদীপ্যমান রহিয়াছে ।

কালিদাস, এইরূপ অলৌকিক কবিত্বশক্তি ও এইরূপ অদ্বিতীয় রচনাশক্তি সম্পন্ন হইয়াও, এরূপ অভিমান শূন্য ছিলেন এবং আপনাকে এরূপ সামান্য জ্ঞান করিতেন যে শুনিলে বিস্ময়াপন্ন হইতে হয় । তিনি রঘুবংশের প্রারম্ভে লিখিয়াছেন,

মন্দঃ কবিশয়ঃ দার্থী গমিত্বাম্যদহাস্যতাম্ ।

দাংঘুলম্মী দন্তে মৌহাদ্ভাস্ত্রবিব বামনঃ ॥ ১ ॥ ২ ॥

যেমন বামন, উন্নতপুরুষপ্রাপ্য ফলের গ্রহণাভিলাষে, বা প্রসারিত করিয়া, উপহাসাস্পদ হয়, সেইরূপ, অক্ষম আদি কবিকীর্তিলাভে অভিলাষী হইয়াছি, উপহাসাস্পদ হইব ।

কালিদাস, অদ্বিতীয় বিদ্যোৎসাহী, গুণগ্রাহী, বিখ্যাত নামা বিক্রমাদিত্যের সভার, নবরত্নের অন্তর্কর্তী ; স্মৃতরাষ্ট্র উনবিংশতি শত বৎসর পূর্বে প্রাদুর্ভূত হইয়াছিলেন ।

কালিদাসের যে সমস্ত গুণ বর্ণিত হইল, প্রায় তৎপ্রণীত ষাটতীয় কাব্যেই সে সমুদয় সুস্পষ্ট লক্ষিত হইয়া থাকে । রঘুবংশে সূর্য্যবংশীয় নরপতিগণের চরিত্র বর্ণিত হইয়াছে

এই মহাকাব্য ঊনবিংশতি সর্গে বিভক্ত। প্রথম আট সর্গে দিলীপ, রঘু, অজ এই তিন রাজার বর্ণন আছে। নবম অবধি পঞ্চদশ পর্য্যন্ত সাত সর্গে দশরথের ও দশরথতনয় হামচন্দ্রের চরিত্র বর্ণিত হইয়াছে। অবশিষ্ট চারি সর্গে, দশ অবধি অগ্নিবর্ণ পর্য্যন্ত, রামের উত্তরাধিকারীদিগের বৃত্তান্ত সঙ্কলিত আছে। রঘুবংশের আদি অবধি অন্ত পর্য্যন্ত সর্বাংশই সর্বাঙ্গসুন্দর। যে অংশ পাঠ করা যায়, সেই অংশেই দ্বিতীয় কবি কালিদাসের অলৌকিক কবিত্বশক্তির সম্পূর্ণ লক্ষণ সুস্পষ্ট লক্ষিত হয়। কিন্তু প্রতদেশীয় সংস্কৃতব্যবসায়ীরা এমনই সহৃদয় ও এমনই মসজব যে সংস্কৃত ভাষার সর্বপ্রধান মহাকাব্য রঘুবংশকে মতি সামান্য কাব্য জ্ঞান করিয়া থাকেন।

কুমারসম্ভব ।

কালিদাসের দ্বিতীয় মহাকাব্য কুমারসম্ভব। কুমারসম্ভব অনেক অংশে রঘুবংশের তুল্য। এই মহাকাব্যের মূল বৃত্তান্ত এই ; তারকনামে এক মহাবল পরাক্রান্ত অতিদীপ্ত অশুর, ব্রহ্মদত্ত বরের প্রভাবে, অত্যন্ত গর্ভিত ও উর্জয় হইয়া, দেবতাদিগকে স্ব স্ব অধিকার হইতে চ্যুত করিয়া, স্বয়ং স্বর্গরাজ্য অধিকার করে। দেবতারা, দুর্দশায়ন্ত হইয়া, ব্রহ্মার শরণাগত হইলে, তিনি তাঁহাদিগকে

এই বলিয়া আশ্বাস প্রদান করেন যে পার্শ্বতীর গর্ভে শিবের যে পুত্র জন্মিবেন, তিনি তোমাদের সেনাপতি হইয়া, তারকাসুরের প্রাণ সংহার করিয়া, তোমাদিগকে পুনর্বার স্ব স্ব অধিকার প্রদান করিবেন। তদনুসারে, দেবতারা উদ্বেগী হইয়া হর গৌরীর পরিণয় সম্পাদন করিলে, কার্তিকেয়ের জন্ম হয়। অনন্তর, তিনি, দেবসৈন্য সমভিব্যাহারে সমরসাগরে অবতীর্ণ হইয়া, দুর্ভুক্ত তারকাসুরের প্রাণ সংহার পূর্বক, দেবতাদিগকে আপন আপন অধিকারে পুনঃ স্থাপিত করেন। এই বৃত্তান্ত সূচক রূপে কুমারসম্ভবে সবিস্তর বর্ণিত হইয়াছে।

কুমারসম্ভব সপ্তদশ সর্গে বিভক্ত। তন্মধ্যে প্রথম সাত সর্গেরই সর্বত্র অনুশীলন আছে; অবশিষ্ট দশ সর্গ একবারে অপ্রচলিত ও বিলুপ্তপ্রায় হইয়া আসিয়াছে— এমন অপ্রচলিত যে ঐ দশ সর্গ অদ্যাপি বিদ্যমান আছে বলিয়া, অনেকেই অবগত নহেন। এই দশ সর্গ, কালিদাসের অলৌকিক কবিত্বশক্তির সম্পূর্ণ লক্ষণাক্রান্ত হইয়াও, যে এরূপ অপ্রচলিত ও অপরিজ্ঞাত হইয়া আছে, তাহার হেতু এই বোধ হয়, অষ্টম সর্গে হর গৌরীর বিহার বর্ণনা আছে; তাহাও, সামান্য নায়ক নায়িকার বিহারের স্থায়, বর্ণিত হইয়াছে। নবমে হর গৌরীর কৈলাসগমন এবং দশমে কার্তিকেয়ের জন্মবৃত্তান্ত বর্ণিত আছে। এই দুই সর্গেও হরগৌরীষটিত অশ্লীল

বর্ণনা দেখিতে পাওয়া যায়। ভারতবর্ষীয় লোকেরা হরগার্গীকে জগৎপিতা ও জগন্মাতা জ্ঞান করেন। জগৎপিতা ও জগন্মাতা সংক্রান্ত অশ্লীল বর্ণনা পাঠ করা একান্ত অনুচিত বিবেচনা করিয়া, লোকে কুমারসম্ভবের শেষ দশ সর্গের অনুশীলন রহিত করিয়াছে। আলগারিকেরাও কুমারসম্ভবের হরগৌরীবিহারবর্ণনাকে অত্যন্ত মনুচিত ও অত্যন্ত দূষ্য বলিয়া নির্দেশ করিয়াছেন। একাদশ অবধি সপ্তদশ পর্য্যন্ত সাত সর্গে কার্ত্তিকের বাণ্যলীলা, সৈন্যপত্যগ্রহণ, তারকাসুরের সহিত সংগ্রাম ও সেই সংগ্রামে তারকাসুরের নিপাত, এই মস্ত বৃত্তান্ত সবিস্তর বর্ণিত হইয়াছে। এই সাত সর্গে অশ্লীল বর্ণনার লেশ মাত্র নাই। কিন্তু অষ্টম, নবম, দশম, ইহঁতিন সর্গের দোষে, ইহারও একবারে বিলুপ্তপ্রায় হইয়া আছে।

এরূপ কিংবদন্তী আছে, এক কুস্তকার কালিদাসের রম মিত্র ছিলেন। কালিদাস, কুমারসম্ভব রচনা করিয়া, কুস্তকার মিত্রকে দেখাইতে লইয়া যান। কুস্তকার, পাঠ করিয়া, সম্মুখবর্তী একখান কাঁচা সরার উপর রাখিয়া দেন। হাতে কালিদাস বোধ করিলেন, এই গ্রন্থ কাঁচা হইছে; এবং সেই নিমিত্ত, তিনি তৎক্ষণাৎ ঐ পুস্তক হস্তে ইয়া, খণ্ড খণ্ড করিয়া, ছিঁড়িয়া ফেলিলেন। কুস্তকার দর্শনে সাতিশয় সঙ্কুচিত হইলেন এবং শেষে প্রয়াসে •

প্রথম সাত সর্গ মাত্র সঙ্কলন করিতে পারিলেন ; অবশিষ্ট দশ সর্গ বিলুপ্ত হইয়া গেল। এই অমূলক অকিঞ্চিৎকর কিংবদন্তী অবলম্বন করিয়া, অনেকেই সিদ্ধান্ত করিয়া রাখিয়াছেন, কুমারসম্ভবের প্রথম সাত সর্গই বিদ্যমান আছে, অবশিষ্ট দশ সর্গ একবারে লোপ পাইয়াছে।

কুমারসম্ভবের যে শেষভাগের কথা উল্লিখিত হইল, ইহার পুস্তক বাঙ্গালা দেশে পাওয়া যায় না। বাঙ্গালা দেশে কুমারসম্ভবের অত্রবিধ এক শেষ ভাগ আছে। এই শেষ ভাগ পাঠ করিলে, ইহা স্পষ্ট প্রতীয়মান হয়। কুমারসম্ভবের শেষ ভাগ বিলুপ্ত হইয়াছে এই স্থির করিয়া, এতদেশীয় কোনও আধুনিক কবি ঐ অংশ রচনা করিয়া গিয়াছেন। উহা, পাঠ করিলে, কালিদাসের রচিত বলিয়া কোনও ক্রমে প্রতীতি জন্মিতে পারে না।

কুমারসম্ভবে যে বৃত্তান্ত বর্ণিত হইয়াছে, শিবপুরাণেও তাহা দেখিতে পাওয়া যায়। এই দুই গ্রন্থে, ইতিবৃত্তের বেরূপ এক আছে, দুই এক শ্লোকেরও সেইরূপ একা দেখিতে পাওয়া যায় (১)। যদি শিবপুরাণকে বেদ

(১) তদিস্কামি বিমো স্ত্রুং স্তনান্যং তস্য যান্নয়ে ।

কর্ম্মনস্তচ্ছিদং ধর্ম্মাং মনস্ত্রয়ং সমুচ্চয়ঃ ॥

যমোঃপি বিলিখন্ মুনিং দৃষ্টেনাস্তমিতলিখা ॥

বিষত্ত্বাঃপি সংবর্ধ্য় স্ত্রয়ং ক্তনুসমাস্তম ॥

শিবপুরাণ, উত্তরখণ্ড, চতুর্দশ অধ্যায় ।

কুমারসম্ভব, দ্বিতীয় সর্গ।

সবিরচিত, ও তদনুসারে কালিদাসের কুমারসম্ভব
 পেন্কা প্রাচীন, এম্ছ বলিয়া অঙ্গীকার করা যায়, তাহা
 হলে, ইহাও অবশ্য স্বীকার করিতে হয়, কালিদাস
 শিবপুরাণের বৃত্তান্ত লইয়া কুমারসম্ভব রচনা করিয়াছেন,
 বং মধ্যে মধ্যে, ঐ গ্রন্থের শ্লোক, অবিকল উদ্ধৃত করিয়া,
 আপন কাব্যে নির্বিষ্ট করিয়াছেন। কিন্তু কালিদাস,
 লৌকিককবিত্বশক্তিসম্পন্ন হইয়া, যে আপন কাব্যে
 তদীয় শ্লোক অবিকল উদ্ধৃত করিবেন, ইহা কোনও
 কবে সম্ভাবিত নহে। যে কয়েকটি শ্লোকে ঐক্য দৃষ্ট
 হইতেছে, কুমারসম্ভবের অথবা কালিদাসের অত্যা
 গ্রন্থের রচনার সহিত, সেই সেই শ্লোকের রচনার সম্পূর্ণ
 সাদৃশ্য দৃশ্যমান হইতেছে; কিন্তু শিবপুরাণের কোনও
 শ্লোকের রচনার সহিত কোনও অংশে উহাদের সাদৃশ্য
 দেখিতে পাওয়া যায় না। বিশেষতঃ, শিবপুরাণ কুমার-
 সম্ভব অপেক্ষা প্রাচীন কি না, এ বিষয়ে সম্পূর্ণ সংশয়
 আছে। ষাটতীয় পুরাণ বেদব্যাসপ্রণীত বলিয়া প্রসিদ্ধ।
 কিন্তু পুরাণ সকলের রচনাপ্রণালী পরস্পর এত বিভিন্ন,
 এবং এক বিষয় ভিন্ন ভিন্ন পুরাণে এরূপ বিভিন্ন প্রকারে
 কল্পিত হইয়াছে, যে ঐ সমস্ত গ্রন্থ এক ব্যক্তির রচিত
 বলিয়া, কোনও ক্রমে প্রতীতি জন্মে না। ষাঁছাদের
 সংস্কৃত রচনার ইতর বিশেষ বিবেচনা করিবার শক্তি
 আছে, তাঁহারা, নিরপেক্ষ হইয়া, বিষ্ণুপুত্রাণ, ব্রহ্মবৈবর্ত-

পুরাণ, ভাগবতপুরাণ প্রভৃতি পাঠ করিলে, অনায়াসে বুঝিতে পারেন, এই সকল গ্রন্থ এক লেখনীর মুখ হইতে বিনির্গত নহে। ঐশ্বরিক, পুরাণ সকল এক ব্যক্তিরও রচিত নয়, এক কালেও রচিত নয়। বোধ হয়, পুরাণনামপ্রসিদ্ধ গ্রন্থসমুদয়ের অধিকাংশই প্রাচীন নহে। শিবপুরাণ যে বিক্রমাদিত্যের সময়ের পূর্বে রচিত গ্রন্থ, এবং তাহা দেখিয়া কালিদাস কুমারসম্ভব লিখিয়াছেন, এবং তাহা হইতে অবিকল শ্লোক উদ্ধৃত করিয়া আপন কাব্যে নিবিষ্ট করিয়াছেন, পুরাণের উপর নিতান্ত ভক্তি না থাকিলে এরূপ বিশ্বাস হওয়া কঠিন; বরং বিপরীত পক্ষই বিলক্ষণ হৃদয়ঙ্গম হয়। যোগবাশিষ্ঠে ও কুমারসম্ভবেও শ্লোকে একই আছে (২)। কিন্তু যোগবাশিষ্ঠ যে আধুনিক গ্রন্থ, প্রাচীন ও ঐশ্বরিক নহে, এ বিষয়ে কোনও অংশে সংশয় হইতে পারে না।

(২) আক্কাগমবা মরস্বতী ।

যদবীং হৃদয়োদবিহ্বলাং

দথমা বৃষ্টিবিধানকক্ষয়ত্ ॥

যোগবাশিষ্ঠ, ডুটেকলাসনিবাসী রাজশ্রীসত্যচর,

ঘোষাল বাহাদুরের মুদ্রিত পুস্তকের ১২৩ পৃষ্ঠা

কুমারসম্ভব, চতুর্থ সর্গ ।

কিরাতার্জুনীয় ।

রঘুবংশ ও কুমারসম্ভবের পর, সংস্কৃত মহাকাব্যে উল্লেখ করিতে হইলে, উৎকর্ষ ও প্রাথম্য অনুসারে কাব্যে কিরাতার্জুনীয়ের নির্দেশ করিতে হয়। এই মহাকাব্যের রচনা অতি প্রগাঢ়, কিন্তু কিঞ্চিৎ দুর্বল। কালিদাসের রচনার স্থায় সরল নহে। রচনাপ্রণালী দৃষ্টে পক্ষে বোধ হয়, কিরাতার্জুনীয়কর্তা ভারবি কালিদাসের পূর্ব কালে, এবং মাঘ, শ্রীহর্ষ প্রভৃতির বহু কাল পূর্বে রচিত হইয়াছিলেন।

কিরাতার্জুনীয়ের স্থূল বৃত্তান্ত এই ; যুধিষ্ঠির প্রভৃতি পঞ্চ পুত্র, রাজ্যাধিকার হইতে নিষ্কাশিত হইয়া, দ্বৈতবনে গমন করেন। এক দিবস, ব্যানদেব আসিয়া তাঁহাদিগকে দেখেন, দৈব অনুগ্রহ ব্যতিরেকে, তোমাদের নষ্ট রাজ্যের নবদ্ধারের সম্ভাবনা নাই; অতএব, অর্জুন হিমালয়ে গিয়া ইন্দ্রের আরাধনা করুন। তদনুসারে, অর্জুন নির্দিষ্ট স্থানে গিয়া দেবরাজের আরাধনা আরম্ভ করেন। দেবরাজ, দীর্ঘ আরাধনার তুষ্ট হইয়া, তাঁহাকে শিবের আরাধনা করিতে পরামর্শ দেন। অর্জুন শিবের আরাধনা আরম্ভ করিলে, মুক নামে এক দুর্বল দানব, বরাহের রূপ ধারণ করিয়া, তাঁহার প্রাণ সংহার করিতে আইসে। সেই সময়ে, ব্রহ্মা, কিরাতরাজের আকার পবিগ্রহ করিয়া, অর্জুনের

আশ্রমে উপস্থিত হন। অর্জুন, বরাহরূপী দানবের প্রাণ-
দণ্ডের নিমিত্ত, শরাসনে শর সন্ধান করিয়াছেন, এমন
সময়ে, কিরাতরাজ, এক শর নিক্ষেপ করিয়া, বরাহের
প্রাণসংহার করিলেন। এই উপলক্ষে, কিরাতরাজের সহিত
অর্জুনের সংগ্রাম উপস্থিত হইল। সেই সংগ্রামে, অর্জু-
নের অসাধারণ বল বীর্য্য দর্শনে, যৎপরোনাস্তি প্রীত ও
প্রসন্ন হইয়া, কিরাতরূপী মহাদেব তাঁহাকে ধনুর্বেদ শিক্ষা
করাইলেন। সেই শিক্ষার প্রভাবে, অর্জুন অস্ত্রবিদ্যায়
অদ্বিতীয় ও অপ্রতিহতপ্রভাব হইয়া উঠিলেন।

ভারবি কবিত্বশক্তি বিষয়ে কালিদাস অপেক্ষা ন্যূন ;
কিন্তু ভারতবর্ষের এক জন অতি প্রধান কবি ছিলেন,
তাঁহার কোনও সংশয় নাই। কোন সহৃদয় ব্যক্তি,
এই মহাকাব্যের প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, বষ্ঠ, একা-
দশ, দ্বাদশ, ত্রয়োদশ সর্গ পাঠ করিয়া, সাতিশয় প্রীত ও
চমৎকৃত না হন এবং পদে পদে অসাধারণ কবিত্বশক্তির
সম্পূর্ণ প্রমাণ না পান। কিরাতার্জুনের অষ্টাদশ সর্গে
বিভক্ত।

শিশুপালবধ ।

কাব্যকর্তা মাঘনামা কবি স্বর্ণেন্দুর শেষে লিখিয়াছেন,

— — — স্তুকবিকীর্তির্দুরায়যাদ :

ক্ৰাভ্য অঘত্ন মিয়ুপালবধামিধানম্ ॥

মাঘ, কবিকীর্তি লাভের দুরাশাগ্রস্ত হইয়া, এই শিশুপাল-
ধনামক কাব্য রচনা করিলেন ।

মাঘ অতিপ্রধান কবি ছিলেন এবং তৎপ্রণীত শিশু-
পালবধ অতি প্রধান মহাকাব্য । এই মহাকাব্যের স্থূল
তাস্ত এই ; কৃষ্ণ, যুধিষ্ঠিরের রাজস্বয় যজ্ঞে নিমন্ত্রিত হইয়া,
পরিবারে ইন্দ্রপ্রস্থ প্রস্থান করেন । যিনি সর্বাংশে সর্ব-
শ্রেষ্ঠ হন, তিনিই যজ্ঞে অর্ঘ্য পাইয়া থাকেন । যুধিষ্ঠির,
রাজস্বয় সমাপ্ত হইলে, ভীষ্মের উপদেশ অনুসারে, কৃষ্ণকে
সর্বাংশে সর্বশ্রেষ্ঠ স্থির করিয়া, অর্ঘ্য দান করেন । কৃষ্ণের
পিতৃষস্তুপুত্র শিশুপাল তাঁহার অত্যন্ত বিদ্বেশী ছিলেন ।
তিনি, কৃষ্ণের এইরূপ অসামান্য সম্মান দর্শনে, অস্বয়াপর-
শ হইয়া, ভীষ্মের যথোচিত তিরস্কার করিয়া, স্বপক্ষীর
রপতিগণ সমভিব্যাহারে, সভামণ্ডপ হইতে প্রস্থান করি-
লেন এবং দূত দ্বারা কৃষ্ণের অনেক তিরস্কার করিয়া পাঠা-
লেন । অনন্তর, উভয় পক্ষে ঘোরতর সংগ্রাম উপস্থিত
হইল, এবং সেই সংগ্রামে কৃষ্ণ শিশুপালের প্রাণ সংহার
করিলেন ।

শিশুপালবধ কিরাতার্জুণীয়ের প্রতিক্রম স্বরূপ। মাঘ, কিরাতার্জুণীয়েকে আদর্শ স্বরূপ করিয়া, শিশুপালবধ রচনা করিয়াছেন, তাহার কোনও সংশয় নাই। ভারবি যে প্রণালীতে কিরাতার্জুণীয় রচনা করিয়াছেন, মাঘ শিশুপালবধের রচনাকালে, আদ্যোপাস্ত, সেই প্রণালী অবলম্বন করিয়াই চলিয়াছেন। কিরাতার্জুণীয়ে, মহর্ষি ব্যাস আসিয়া পাণ্ডবদিগকে কর্তব্যের উপদেশ দিতেছেন; শিশুপালবধে, দেবর্ষি নারদ আসিয়া কৃষ্ণকে কর্তব্য কর্মের অনুষ্ঠানে উদযুক্ত করিতেছেন। কিরাতার্জুণীয়ে, যুধিষ্ঠির, ভীম, দ্রোণদী, এই তিন জনের রাজনীতি সংক্রান্ত বাদানুবাদ; শিশুপালবধেও কৃষ্ণ, বলরাম ও উদ্ধবের সেইরূপ রাজনীতি সংক্রান্ত বাদানুবাদ। কিরাতার্জুণীয়ে, ভপশ্রী নিমিত্ত, অর্জুনের হিমালয় পর্বতে অবস্থান; শিশুপালবধেও, কৃষ্ণের ইন্দ্রপ্রস্থ প্রস্থান কালে রৈবতক পর্বতে অবস্থান। কিরাতার্জুণীয়ে, হিমালয় পর্বতের বহুবিস্তৃত বর্ণনা এবং বর্ণনা সংক্রান্ত শ্লোক সকলের অধিক অংশ যমকালকারযুক্ত; শিশুপালবধেও, রৈবতক পর্বতের অবিকল সেইরূপ বর্ণনা ও সেইরূপ যমকালকৃত শ্লোক। কিরাতার্জুণীয়ে, সুরাস্রনাদিগের বনবিহার, নায়কসমাগম, বিরহ, মান প্রভৃতির বর্ণনা আছে; শিশুপালবধেও, অবিকল সেই সমস্ত বর্ণনা আছে। কিরাতার্জুণীয়ে, কিরাতরাজ, অর্জুনের উত্তেজনার নিমিত্ত, তাঁহার নিকট

ত প্রেরণ করেন ; শিশুপালবধেও, শিশুপাল কৃষ্ণের
 ২১নামার্থে তাঁহার নিকট দূত প্রেরণ করেন। অনন্তর
 ভয় কাব্যেই উভয় পক্ষের সৈন্যসজ্জা, সৈন্যপ্রয়াণ ও
 গ্রাম বর্গন আছে। কিরাতাজর্জুনীর পঞ্চদশ সর্গে যুদ্ধ-
 নি ও একাক্ষর, দ্ব্যক্ষর, যমক প্রভৃতি শ্লোক অনেক ;
 শিশুপালবধেরও ঊনবিংশ সর্গে যুদ্ধবর্গন ও ঐরূপ একা-
 ক্ষর, দ্ব্যক্ষর, যমক প্রভৃতি শ্লোক অনেক। কিরাতাজর্জুনীয়ে,
 প্রত্যেক সর্গের শেষ শ্লোকে সর্গসমাপ্তিসূচক লক্ষ্যশব্দের
 যোগ আছে ; শিশুপালবধেও, প্রত্যেক সর্গের শেষ
 শ্লোকে সর্গসমাপ্তিসূচক শ্রীশব্দের প্রয়োগ আছে। কোনও
 ল ইহাও দেখিতে পাওয়া যায়, শিশুপালবধে কিরা-
 জর্জুনীর ভাব অবিকল ভিন্ন ছন্দে সঙ্কলিত হইয়াছে।
 তাৎ, অভিনিবেশ পূর্বক, উভয় কাব্য আত্মস্তু পাঠ
 করিলে, ইহা বিলক্ষণ প্রতীয়মান হয়, কিরাতাজর্জুনীর
 বর্ণনা ও শিশুপালবধ তৎপ্রতিরূপ। উভয় কাব্যের
 কাব্যপ্রণালী আলোচনা করিয়া দেখিলে, বিপরীত পক্ষ
 নও ক্রমে হৃদয়ঙ্গম হয় না। কিরাতাজর্জুনীর শিশু-
 পালবধ অপেক্ষা প্রাচীন গ্রন্থ, ইহাতে সংশয় হইবার
 সম্ভাবনা নাই।

মাঘ অদ্ভুত কবিত্বশক্তি ও অদ্ভুত বর্ণনাশক্তি পাইয়া-
 পন। যদি তাঁহার, কালিদাস ও ভারবির স্থায়,
 দয়তা থাকিত, তাহা হইলে তদীয় শিশুপালবধ

সংস্কৃত ভাষায় সৰ্ব্বপ্রধান মহাকাব্য হইত, সম্ভেদই নাই। তিনি সকল বিষয়েরই বহুবিস্তৃত বর্ণনা করিয়াছেন। বর্ণনা সকল আরম্ভে একান্ত মনোহর, কিন্তু অবসানে নিতান্ত নীরস। মাঘ অধিক বর্ণনা এত অধিক ভাল বাসিতেন, যে শেষ অংশ নিতান্ত অশক্তিকৃত হইতেছে দেখিয়াও, কাব্য হইতে পারিতেন না। কখনও কখনও, ইহাও দেখিতে পাওয়া যায়, একটি শ্লিষ্ট অথবা সুশ্রাব্য শব্দের অনুরোধে একটি শ্লোক রচনা করিয়াছেন। সেই শ্লোকের, সেই শব্দটি ভিন্ন, আর কোনও অংশেই কোনও চমৎকারিত্ব দেখিতে পাওয়া যায় না। তাঁহার রচনা প্রগাঢ়, ওজস্বী ও গান্ধীৰ্য্যব্যঞ্জক, কিন্তু কালিদাসের অথবা ভারবিন্যার পরিপক্ব নহে।

অপ্রাসঙ্গিক বিষয়ের বহুবিস্তৃত বর্ণনা মার্ঘের ত প্রধান দোষ। তিনি বিংশতিসর্গাত্মক কাব্যের নয় অপ্রাসঙ্গিক বিষয়ে সমর্পিত করিয়াছেন। কৃষ্ণ, ইন্দ্রও প্রস্থান কালে, প্রথম দিন রৈবতক পর্বতে অবস্থান করে এই উপলক্ষে, মাঘ রৈবতক প্রভৃতির অত্যন্ত অধিক বর্ণনা করিয়াছেন। চতুর্থ সর্গে রৈবতক বর্ণন, পঞ্চমে শির্ষা সন্নিবেশ, ষষ্ঠে ঋতুবর্ণন, সপ্তমে বনবিহার, অষ্টমে উ বিহার, নবমে সঙ্ক্যাবর্ণন, দশমে সুরাপান ও বিহ একাদশে প্রভাতবর্ণন, দ্বাদশে মৈত্রপ্রয়াণ; এইরূপ এক সর্গে এক এক বিষয় মাত্র বর্ণিত হইয়াছে। মাঘ,

স্তু বর্ণনাতে, স্বীয় অদ্ভুত কবিভূষণ্তি ও বর্ণনাশক্তির
 রা কাষ্ঠা প্রদর্শন করিয়াছেন। কিন্তু এই সকল বর্ণনা
 মন অতিবিস্তৃত, তেমনই অপ্রাসঙ্গিক; প্রকৃত বিষয়
 শিশুপালবধে উহাদের কোনও উপযোগিতা দেখিতে
 ওয়া যায় না। এই নয় সর্গ পরিত্যাগ করিলেও,
 ব্যের ইতিবৃত্ত কোনও ক্রমে অসংলগ্ন হয় না।

শিশুপালবধ, এইরূপ দোষাশ্রিত হইয়াও, যে এক
 ছুৎকৃষ্ট মহাকাব্য, তাহার সন্দেহ নাই। কিন্তু ভারত-
 ণীয় পণ্ডিতেরা যে ইহাকে সর্বোৎকৃষ্ট মহাকাব্য বলিয়া
 দ্দেশ করিয়া থাকেন (৩), ইহা কোনও ক্রমে অস্বীকার
 ণিতে পারা যায় না। সম্যক সহৃদয়তা সহকারে পর্য্যা-
 ণনা করিয়া দেখিলে, ইহা অবশ্যই স্বীকার করিতে হই-
 য়ে শিশুপালবধ রঘুবংশ, কুমারসম্ভব ও কিরাতাজ্জু-
 অপেক্ষা নিকৃষ্ট।

(২) ভূপমা কালিদাসস্য ভারবের্ধগৌরবম্ ।

নৈষধে পটলালিত্য মাঘে সন্নি ত্রয়ো শ্লোকাঃ ॥

শু জাতী নগরেষু কাঙ্ক্ষী নারীশু রম্ভা পুঙ্খেষু বিষ্ণুঃ ।

শু মল্লিকা ন্দপতী চ রামঃ কাব্যেষু াঘঃ কবিকালিদাসঃ ॥

নৈষধচরিত ।

এরূপ কিংবদন্তী আছে, শ্রীহর্ষ দেবতার আরাধন করিয়া তৎপ্রসাদে অলৌকিক কবিত্বশক্তি লাভ করিয়া ছিলেন ; নৈষধচরিত সেই দেবপ্রসাদলব্ধ অলৌকিক কবিত্বশক্তির ফল । শ্রীহর্ষের যে কবিত্বশক্তি অসাধারণ ছিল, তাহার কোনও সংশয় নাই ; কিন্তু তাঁহার তাদৃশী সহৃদয়তা ছিল না । তিনি নৈষধচরিতকে আদ্যোপাত্য অত্যাঙ্কিতে এমন পরিপূর্ণ করিয়াছেন, এবং তাঁহার রচনা এমন মাধুর্য্যবর্জিত, লালিত্যহীন, সারল্যাশূন্য ও অপরিপক্ব যে ইহাকে কোনও ক্রমে অত্যাৎকৃষ্ট কাব্য বলিয়া নির্দেশ, অথবা পূর্বোক্তিগত মহাকাব্যচতুষ্টয়ের সহিত তুলনা করিতে পারা যায় না ।

শ্রীহর্ষের অত্যাঙ্কি এমন উৎকর্ষ, যে তদ্বারা, তদীক্যাব্যের উপাদেয়ত্ব না জন্মিয়া, বরং হেয়ত্বই ঘটিয়াছে । তিনি নলরাজার বর্ণনা কালে কহিয়াছেন, “নলরাজা যুদ্ধযাত্রাকালে সৈন্য দ্বারা যে ধূলি উত্থাপিত হইয়াছিল সেই ধূলি ক্ষীরসমুদ্রে পতিত হইয়া পঙ্কভাব প্রাপ্ত হয় । উৎপত্তিকালে চন্দ্রের গাত্রে সেই পঙ্ক লাগিয়া কলঙ্ক হইয়া আছে”(৪) । নল রাজা যখন, অশ্বারোহণ করিয়া, বনস্থল

(৪) বদস্য বালাহু বলৌত্তং বজঃ স্ক্রুতস্নেতাদানলধুমমঙ্গিম ।

বদেষ গলো দতিতং স্তম্বান্দুধৌ দ্ধাতি যক্ষ্মীমবদঙ্কতাং বিধী
প্রথমসর্গ ।

মভিব্যাহারে, উপবনবিহারে গমন করিতেছেন, শ্রীহর্ষ দীয় অশ্বের এইরূপ বর্ণনা করিয়াছেন, “আমাদিগের লবার নিমিত্ত এই পৃথিবী কম পদ হইবেক ; অতএব মুদ্রও স্থল হউক ; এই মনে করিয়াই যেন অশ্বগণ, সমুদ্র জল শুষ্ক করিয়া স্থল করিবার নিমিত্ত, পদ দ্বারা ধূলি ধাপিত করিতেছে” (৫)। নৈষধচরিত এইরূপ উৎকট নায় পরিপূর্ণ। এরূপ উৎকট বর্ণনা পাঠ করিয়া, কোন চন্দর ব্যক্তি প্রীত বা চমৎকৃত হইবেন।

শ্রীহর্ষ অত্যন্ত অনুপ্রাসপ্রিয় ছিলেন। সংস্কৃত ভাষায় নুপ্রাস সাত্তিশয় মধুর হইয়া থাকে, কিন্তু অত্যন্ত অধিক লে, অত্যন্ত কর্কশ হইয়া উঠে। সুতরাং, অনুপ্রাসবাহুল্য া, নৈষধচরিতের মাধুর্য্য সম্পাদন না হইয়া, সাত্তি-। কার্কশ্যই ঘটয়া উঠিয়াছে। কিন্তু এতদ্দেশীয় লোকেরা, শষতঃ নৈয়ায়িক মহাশয়েরা, এমন অতু্যক্তিপ্রিয় ও অনু-সভক্ত যে তাঁহারা সকল কাব্য অপেক্ষা নৈষধচরিতের ষিক প্রশংসা করিয়া থাকেন। তাঁহাদের মতে নৈষধ-ত সংস্কৃত ভাষায় সর্বপ্রধান মহাকাব্য (৬)। যাছা

। যাত্নমস্মাকমিখং কিয়ত্নদং ঘবা তদন্মোঘিরদি স্মল্লাযতাম্ ।
। তৌব বাহ্নৈর্নিজবেগদর্পিতৈঃ পযোধিরোধনমমৃত্তং রজঃ ॥

প্রথমমর্গ। ৩২ শ্লোক।

৫) তদিতৈ নৈষধে জ্বাল্যৈক মাঘঃ লুব মাঘিঃ ।

হউক, নৈষধচরিতে মধ্যে মধ্যে অনেক অত্যুৎকৃষ্ট অংশ আছে। অত্র অত্র অংশ পাঠ করিয়া, যেরূপ অসম্ভুট ও বিরক্ত হইতে হয়, ঐ সকল অত্যুৎকৃষ্ট অংশ পাঠ করিয়া, সেইরূপ প্রীতি ও চমৎকৃত হইতে হয়।

এই মহাকাব্য দ্বাবিংশতি সর্গে বিভক্ত, এবং সকল মহাকাব্য অপেক্ষা বৃহৎ। ইহাতে নল রাজার চরিত্র বর্ণিত হইয়াছে।

নৈষধচরিতের বিষয়ে এক অতিকৌতুকবহু কিংবদন্তি প্রচলিত আছে। শ্রীহর্ষ, নৈষধচরিত রচনা করিয়া, স্বীয় মাতুল প্রধান আলঙ্কারিক মম্বট ভট্টকে দেখাইতে লইয়া যান। মম্বট ভট্ট, আদ্যোপান্ত পাঠ করিয়া, শ্রীহর্ষকে কহিয়াছিলেন, বাপু হে! যদি তুমি কিছু পূর্বে তোমার এমনি খানি আনিতে, তাহা হইলে আমার শ্রমের অনেক লাভ হইত। বহু পরিশ্রমে অনেক গ্রন্থ পাঠ করিয়া, আমার অলঙ্কার গ্রন্থের দোষপরিচ্ছেদের উদাহরণ সংগ্রহ করিতে হইয়াছে। কিন্তু সে সময়ে তোমার নৈষধচরিত পাইলে আশায় এত পরিশ্রম করিতে হইত না; এক গ্রন্থ হইলে সমুদয় উদাহরণ উদ্ধৃত করিতে পারিতাম।

ভট্টিকাব্য ।

ভট্টিকাব্যে রামের চরিত্র বর্ণিত হইয়াছে । এই মহাকাব্যে দ্বাবিংশতি সর্গে বিভক্ত । এম্বুকর্তা স্বরচিত কাব্যের মধ্যে আপনার একপ্রকার পরিচয় দিয়াছেন, কিন্তু নাম নির্দেশ করেন নাই । প্রামাণিক প্রাচীন টীকাকার জয়দল কছেন, এই মহাকাব্য ভট্টনামক কবির রচিত । ভট্টিকাব্য নাম দ্বারাও ইহাই সম্যক প্রতিপন্ন হইয়াছে । কিন্তু অধুনাতন টীকাকার ভরতমল্লিক, আপনার প্রতিপোষক প্রমাণ প্রদর্শন ব্যতিরেকেই, ভট্টিকাব্যকে ভর্তৃহরিপ্রণীত বলিয়া নির্দেশ করিয়াছেন । ভর্তৃহরি ও এই কাব্যের রচয়িতা, উভয়েই অতি প্রধান বৈষ্ণবগণ ছিলেন, বোধ হয়, এই সাদৃশ্য দর্শনেই, ভরতমল্লিকের মতান্তর জন্মিয়াছিল । এম্বুকর্তা কাব্যের শেষ শ্লোকে (৭) লিখিয়াছেন, আমি, বলভীপতি নরেন্দ্র রাজার রাজধানীতে লিখিয়া, এই কাব্য রচনা করিলাম । যদি ভরতমল্লিক এই কাব্য দেখিতেন, তাহা হইলে তিনি ঐ ভ্রমে পতিত হইতেন না । যেরূপ জনশ্রুতি আছে, তদনুসারে ভর্তৃহরি

(৩) কাব্যমিদং বিস্কৃতং ময়া বল্লভ্যাং

স্বীধরস্বৈননবৈন্দ্রমালিতায়াম্ ।

কীর্তিন্ধরী মননান্ধৃপস্থ তস্থ

স্বীমদ্রবঃ স্থিতিমো যতঃ মল্লানাম্ ॥

স্বয়ং রাজা ছিলেন। যে ব্যক্তি স্বয়ং রাজা হন, তিনি অমুক রাজার রাজধানীতে থাকিয়া এই গ্রন্থ রচনা করিলাম, আপন গ্রন্থে কদাচ এরূপ নির্দেশ করেন না। তরতমল্লিক শেষ চারি শ্লোকের টীকা করেন নাই; তাহাতেই বোধ হইতেছে, এই চারি শ্লোক তাঁহার দৃষ্টিপথে পতিত হয় নাই।

ভট্টিকাব্যের রচনা স্থানে স্থানে অতি সুন্দর। বিশেষতঃ, দ্বিতীয় সর্গের প্রারম্ভে যে হৃদয়গ্রাহিণী শরদ্বর্ণনা আছে, তদ্বারা গ্রন্থকর্তার অসাধারণ কবিত্বশক্তির বিলক্ষণ প্রমাণ পাওয়া যাইতেছে। কিন্তু ব্যাকরণের উদাহরণপ্রদর্শন গ্রন্থকর্তার যেরূপ উদ্দেশ্য ছিল, কবিত্বশক্তি প্রদর্শন তাদৃশ উদ্দেশ্য ছিল না। এই নিমিত্তই, ভট্টিকাব্যের অধিকাংশ অত্যন্ত নীরস ও অত্যন্ত কর্কশ। যদিও তিনি ব্যাকরণের উদাহরণপ্রদর্শনে ব্যগ্র না হইয়া, কাব্যরচনার মনোনিবেশ করিতেন, তাহা হইলে ভট্টিকাব্য উৎকৃষ্ট মহাকাব্য মধ্যে পরিগণিত হইতে পারিত, সন্দেহ নাই।

এই যে ছয় মহাকাব্যের বিষয় উল্লিখিত হইল, ইহারাই অত্যন্ত প্রসিদ্ধ ও অত্যন্ত প্রচলিত। ভারতবর্ষের নর প্রদেশেই এই ছয়ের সচরাচর অনুশীলন আছে।

রাঘবপাণ্ডবীয় ।

এই মহাকাব্যের প্রণালী স্বতন্ত্র । ইহা দ্ব্যর্থ কাব্য । অর্থে রামের চরিত্র বর্ণন প্রতিপন্ন হয়, অপর অর্থে ঈর্ষিরপ্রভৃতি পক্ষ পাণ্ডবের বৃত্তান্ত বর্ণন লক্ষিত হয় । এই এক শ্লোকে অর্থদ্বয় সমাবেশ দ্বারা রাঘব ও পাণ্ডব, গের বৃত্তান্ত বর্ণন সমাধান করিয়া, কবি স্বীয় অসাধারণ তা প্রদর্শন করিয়াছেন । রাঘবপাণ্ডবীয়ের উপক্রমণিকা শে ঐন্দুকর্তার নাম কবিরাজপাণ্ডিত বলিয়া নির্দিষ্ট হে । কিন্তু বোধ হয়, ইহা তাঁহার উপাধি, নাম নহে । াধি দ্বারাই বিশেষ বিখ্যাত ছিলেন, এ নিমিত্ত, ঐন্দু- ণ আপন ঐন্দু উপাধিরই নির্দেশ করিয়াছেন । কবি াপ উপাধি অথবা নাম পাইয়াছিলেন, তদনুরূপ কবিত্ব- ঙ প্রাপ্ত হন নাই । ইনি কবিত্ব বিষয়ে, পূর্বনির্দিষ্ট াদিগের অপেক্ষা, অনেক অংশে নূন । এই কাব্য াদশ সর্গে বিভক্ত । পূর্বোক্ত কাব্য সকল যেমন সর্বত্র লিত, রাঘবপাণ্ডবীয় সেরূপ নহে, ইহা অত্যন্ত বিরল- ার ; এত বিরলপ্রচার, যে অনেকে ইহার নামও অব- নহেন । কবিরাজ স্বঐন্দু নির্দেশ করিয়াছেন, তিনি দেব রাজার সভায় ছিলেন এবং তৎকর্তৃক প্রোৎ- হিত হইয়া রাঘবপাণ্ডবীয় রচনা করেন । কামদেব জয়স্বী- ার রাজা ছিলেন এবং মধ্যদেশ হইতে সোমপারী

বেদজ্ঞ ব্রাহ্মণ আনাইয়াছিলেন। ইহা দেখিয়া অনেকে বোধ করেন, কামদেবেরই অপর নাম আদিহর। আদিহরেরও মধ্যদেশ হইতে বেদজ্ঞ ব্রাহ্মণ আনয়নের কিংবদন্তী আছে।

গীতগোবিন্দ।

গীতগোবিন্দ জয়দেব-প্রণীত। এই মহাকাব্যের রচনা ষেরূপ মধুর, কোমল ও মনোহর, সংস্কৃত ভাষায় সেরূপ রচনা অতি অল্প দেখিতে পাওয়া যায়। বস্তুতঃ, এরূপ ললিতপদবিছ্যাস, শ্রবণমনোহর অনুপ্রাসচ্ছটা ও প্রশাস্তি গুণ প্রায় কুত্রাপি লক্ষিত হয় না। তাঁহার রচনা ষেরূপ চমৎকারিণী, বর্ণনাও তদ্রূপ মনোহারিণী। জয়দেব-রচনা বিষয়ে ষেরূপ অসামান্য নৈপুণ্য প্রদর্শন করিয়াছেন, যদি তাঁহার কবিত্বশক্তি তদনুভায়িনী হইত, তাহা হইতে তাঁহার গীতগোবিন্দ এক অপূর্ব মহাকাব্য বলিয়া পরিগণিত হইত। জয়দেব, কালিদাস ভবভূতি প্রভৃতি প্রধান প্রধান কবি হইতে অনেক ন্যূন বটে, কিন্তু তাঁহার কবিত্বশক্তি নিতান্ত সামান্য নহে। বোধ হয়, বাঙ্গালা দেশে যত সংস্কৃত কবি প্রাদুর্ভূত হইয়াছেন, তন্মধ্যে ইনি সর্বোৎকৃষ্ট।

গীতগোবিন্দ আত্মোপাস্ত সঙ্গীতময়, কেবল মध्ये ম

ক আছে। সঙ্গীতসমূহে রাগ তানের বিলক্ষণ সমা-
 আছে। অনেকানেক কলাবতেরা ভাষাসঙ্গীতের
 ; গীতগোবিন্দ গান করিয়া থাকেন। গীতগোবিন্দ
 ও কৃষ্ণের লীলা বর্ণিত হইয়াছে। জয়দেব পরম বৈষ্ণব
 বন, এবং প্রাগাঢ় ভক্তিব্যোগ সহকারে, বৈষ্ণবদিগের
 । দেবতা রাধা ও কৃষ্ণের লীলা বর্ণন করিয়াছেন।

এরূপ কিংবদন্তী আছে, এবং বৈষ্ণবসম্প্রদায়ের
 করা স্নান্যপি বিশ্বাস করিয়া থাকেন, যে গীতগোবি-
 । “দেহি পদপল্লবমুদারম্” এই অংশটি কৃষ্ণ জয়-
 ার আবাসে আসিয়া স্বহস্তে লিখিয়া গিয়াছেন। রাধার
 ডঙ্গনের নিমিত্ত, যখন কৃষ্ণ অনুনয় করিতেছেন, সেই
 । “মম যিবসি ময়ুড়নং দেহি পদপল্লবমুদারম্,” এই
 য লিখিত আছে। ইহার অর্থ এই, (কৃষ্ণ রাধিকাকে
 তেছেন) তোমার উদার পদপল্লব আমার মস্তকে
 গম্বরূপ অর্পণ কর। জয়দেব “ময়ুড়নং” পর্য্যন্ত
 ধিয়া, এই ভাবিয়া, “দেহি পদপল্লবমুদারম্” এই
 শ সাহস করিয়া লিখিতে পারিতেছেন না, যে প্রভুর
 কে পদার্পণের কথা কিরূপে লিখিব। পরিশেষে,
 মংশ লিখিতে কোনও ক্রমে সাহস না হওয়াতে, সে
 । লেখা রহিত করিয়া, তিনি স্নানে গমন করিলেন।
 কৃষ্ণ অত্যন্ত রসিক, সামান্য নায়কের আয় বর্ণিত
 ল, অপরাধ গ্রহণ করেন এরূপ নছেন; বরং তাঁহার

প্রণয়িনীর পদপঙ্কজ তদীয় মস্তকে অর্পিত বর্ণন করিলে
 প্রসন্নই হইলেন। অতএব তিনি, প্রস্তুত বিষয়ে স্বীয় পরি-
 তোষ দর্শাইবার এবং পরমভাগবত জয়দেবকে চরিত্রা-
 করিবার নিমিত্ত, জয়দেবের স্নানোত্তর প্রত্যাগমনো-
 কিক্ষিৎ পূর্বে, তদীয় আকার অবলম্বন করিয়া, স্নাতপ্রত্য-
 গত জয়দেবের ন্যায়, তাঁহার গৃহে উপস্থিত হইলেন।
 জয়দেবের ত্রাঙ্কণী পদ্মাবতী রীতিমত অন্ন ব্যঞ্জন প্রস্তুত
 করিয়া দিলেন। জয়দেবরূপী কৃষ্ণ সেই অন্ন ব্যঞ্জন আহা-
 করিলেন এবং আহারান্তে জয়দেবের পুস্তক বহিষ্কৃত
 করিয়া, “দ্বৈচ্ছি মদমল্লবমুদারম্” এই অংশ স্বহস্তে
 লিখিয়া রাখিলেন। অনন্তর পদ্মাবতী, শয্যা প্রস্তুত করিয়া
 তাঁহাকে শয়ন করাইয়া, রীতিমত তদীয় পাত্ৰাবশিষ্ট প্রসাদ
 পাইতে বসিলেন। এই অবসরে প্রকৃত জয়দেবও স্নান
 করিয়া গৃহ প্রত্যাগমন করিলেন। জয়দেব জানিতেন, পদ্ম-
 বতী প্রতিদিন পাত্ৰাবশিষ্ট প্রসাদ পাইরা থাকেন, প্রাণ-
 স্তেও কদাপি তাঁহার আহারের পূর্বে জলগ্রহণ করেন না।
 সে দিবস তাঁহাকে অগ্রে আহারে প্রবৃত্ত দেখিয়া, চমৎকৃত
 হইয়া হেতু জিজ্ঞাসা করিলে, তিনি পূর্বাগর সমস্ত ব্যাণ-
 বর্ণন করিলেন। জয়দেব, যৎপরোনাস্তি বিস্ময়াপন্ন হইয়া
 পুস্তক উদ্ঘাটন করিয়া দেখিলেন, “দ্বৈচ্ছি মদমল্লবমুদারম্”
 এই অংশটি লিখিত রহিয়াছে। তিনি বুঝিতে পারিলেন
 ডক্তবৎসল ভগবান্ স্বয়ং আসিয়া লিখিয়া গিয়াছেন।

শয়নাগারে প্রবেশ করিয়া দেখিলেন, শয্যা পাতিত
হু, প্রভু অন্তর্হিত হইয়াছেন। তখন, আপনাকে
পরোনাস্তি ভাগ্যবান্ ও প্রভুর অসাধারণ রূপাপাত্র
করিয়া, জয়দেব প্রভুর প্রসাদ বলিয়া পৃথ্বাবতীর
দাবশিষ্ট গ্রহণ দ্বারা আত্মাকে চরিতার্থ করিলেন।

কেন্দুবিলু গ্রামে জয়দেবের বাস ছিল (৮)। বীরভূমির
দশ ক্রোশ দক্ষিণে, অজয় নদের উত্তরতীরে, কেন্দুলি
যে গ্রাম আছে, জয়দেব তাহাকেই কেন্দুবিলু নামে
দিশ করিয়াছেন। ঐ কেন্দুলি গ্রামে অদ্যাপি, জয়-
র স্মরণার্থে, প্রতিবৎসর পৌষমাসে বৈষ্ণবদিগের
হইয়া থাকে। জয়দেব কোন সময়ে প্রাতুভূত
ছিলেন, তাহার নিশ্চয় হওয়া দুর্ঘট।

খণ্ডকাব্য।

কোনও এক বিষয়ের উপর লিখিত অনতিদীর্ঘ যে কাব্য,
ক্লারিকেরা তাহাকে খণ্ডকাব্য বলেন। খণ্ডকাব্য
কাব্যের প্রণালীতে রচিত, কিন্তু মহাকাব্যের সম্পূর্ণ
প্রক্রান্ত নহে। কোনও কোনও খণ্ডকাব্য, মহাকাব্যের
সর্গবন্ধে বিভক্ত নয়। আর যে সকল খণ্ডকাব্য

(৮) বর্ষান্তে জয়দেবকেন্দ্রে হুবেদিং মনুষ্যেন।

কেন্দুবিলুসমুদ্রসন্মবহৌস্থিথীরমথন ॥

সর্গবন্ধে বিভক্ত, তাহাতেও সর্গসংখ্যা আটের অধিক
নহে।

মেঘদূত ।

সংস্কৃত ভাষায় যত খণ্ডকাব্য আছে, মেঘদূত সর্বোৎকৃষ্ট
সর্বোৎকৃষ্ট । এই দশাধিক শতশ্লোকাত্মক খণ্ডকাব্য
কালিদাসপ্রণীত । মেঘদূত এরূপ ক্ষুদ্র কাব্য বটে ; কিন্তু
ইহার প্রায় প্রত্যেক শ্লোকেই অদ্বিতীয় কবি কালিদাসের
অলৌকিক কবিত্বশক্তির সম্পূর্ণ লক্ষণ সুস্পষ্ট লক্ষিত হয়

কুবেরের ভৃত্য এক যক্ষ, অত্যন্ত শ্রেণতা বশতঃ, আপন
কর্মে অবহেলা করাতে, কুবের তাহাকে এই শাপ দেন যে
তোমাকে একাকী এক বৎসর রামগিরিতে অবস্থিত করিতে
হইবেক । তদনুসারে, সে তথায় আট মাস বাস করিয়া,
স্বীয় প্রিয়তমার অদর্শনদুঃখে উন্মত্তপ্রায় হয় । পরিশেষে
আষাঢ়ের প্রথম দিবসে, নভোমণ্ডলে নুতন মেঘের উদয়
দেখিয়া, বাহ্যজ্ঞানশূন্য হইল, আপন প্রিয়ার নিকট
সংবাদ লইয়া যাইবার নিমিত্ত, মেঘকে সচেতন বোধ
সম্বোধন করিয়া, দৌত্যভারগ্রহণপ্রার্থনা জানাইল, এবং
রামগিরি হইতে আপন আলয় অর্য্যস্থ পথ নির্দেশ করিয়া
দিতে আরম্ভ করিল । এই বিষয় অতি সুন্দর রূপে মেঘ
দূতে বর্ণিত হইয়াছে ।

কালিদাস এই কাব্যে নানা গিরি, নদী, উপবন, গ্রাম, গর, ক্ষেত্র, দেবালয় ও রাজধানী এবং হিমালয়, অলকা, ক্ষের আলায়, যক্ষের ও যক্ষপত্নীর বিরহাবস্থা প্রভৃতির গন করিয়াছেন। ঐ সমস্ত বর্ণনে এমন অসাধারণ কবিত্ব-ক্তি ও অনন্যসামান্য সহৃদয়তা প্রদর্শিত হইয়াছে যে দি কালিদাস মেঘদূত ব্যতিরিক্ত অন্য কোনও কাব্য রচনা করিতেন, তথাপি তাঁহাকে অদ্বিতীয় কবি বলিয়া অঙ্গীকার করিতে হইত। মেঘদূতের রচনা কালিদাসের আশ্রয় কাব্যের রচনা অপেক্ষা কিঞ্চিৎ দুর্বল।

ঋতুসংহার ।

কালিদাসপ্রণীত এই ঋতুকাব্য ছয় সর্গে বিভক্ত। এক এক সর্গে যথাক্রমে গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হিম, শিশির, বসন্ত, ঋতু বর্ণিত হইয়াছে। যে স্বভাবোক্তি কাব্যের প্রধান লক্ষণ, ঋতুসংহার আত্মোপাস্ত তাহাতে অলঙ্কৃত। ঋতু রূপক, উৎপ্রেক্ষা প্রভৃতি অলঙ্কার এতদ্দেশীয় ঋতুসংহারের অধিক প্রিয়, স্বভাবোক্তির চমৎকারিত্ব তাঁহাদের দৃশ্য সহৃদয়ত্ব হয় না। এই নিমিত্ত, অনেকেই ইহাকে ঋতুসংহার কাব্য বলেন না। কেহ কেহ ঋতুসংহারকে রঘু-শ, কুমারসম্ভব, মেঘদূত, অভিজ্ঞানশকুন্তল, বিক্রমো-নী এই সকল সর্বোৎকৃষ্ট কাব্যের রচয়িতা কালিদাসের

প্রণীত বলিয়া অঙ্গীকার করিতে সম্মত নহেন। ঋতু সংহার রঘুবংশ প্রভৃতি অপেক্ষা অনেক অংশে নূন্য বটে; কিন্তু যে সমস্ত গুণ থাকতে, রঘুবংশাদির এত আদর ও এত গৌরব, কুসংস্কারবিবর্জিত ও সহৃদয়পদবীণে অধিকৃত হইয়া, অভিনিবেশ পূর্বক পাঠ করিলে, ঋতুসংহারে সে সমস্ত গুণের লক্ষণ সুস্পষ্ট লক্ষিত হয়। অন্যান্য ঋতুর অপেক্ষা গ্রীষ্ম ঋতুর বর্ণন সাতিশয় মনোহর।

নলোদয় ।

নলোদয়ের প্রত্যেক শ্লোক যমকালঙ্কারযুক্ত। এ কাব্য কালিদাসপ্রণীত। ইহাতে নল রাজার বৃত্তান্ত সংক্ষেপে বর্ণিত হইয়াছে। কালিদাস, যমকের দিকে সম্পূর্ণ দৃষ্টি রাখতে, স্বপ্রণীত অন্যান্য কাব্যের ন্যায় নলোদয়কে স্বীয় অলৌকিক কবিত্বশক্তির লক্ষণে লক্ষিত করিবার অবকাশ পান নাই।

এরূপ কিংবদন্তী আছে, কালিদাস ঘটকর্পরের পুত্র করিবার নিমিত্ত নলোদয় রচনা করেন। ঘটকর্পর কালিদাসের ন্যায়, বিক্রমাদিত্যের নবরত্নের অন্তর্ভুক্ত ইনি যমকালঙ্কারযুক্ত দ্বাবিংশতি শ্লোক রচনা করেন। দ্বাবিংশতিশ্লোকাত্মক কাব্যও ঘটকর্পর নামে প্রসিদ্ধ। ঘটকর্পরের, বিশেষ প্রশংসা করা যায়, এমন কোনও

ই। এম্বুকর্তা শেষ শ্লোকে কহিয়াছেন, “যে কবি, যমক
শিখা, আমাকে পরাজয় করিতে পারিবেক, আমি ঘট-
কর্পের অর্থাৎ কলসীর খাপরা দ্বারা তাহার বীরি বহন করিব”
)। কবির এই প্রতিজ্ঞাবাক, দর্শনে এক প্রকার স্পষ্ট
বিধ হইতেছে, ঘটকর্পের ঘটটি প্রতিজ্ঞা দ্বারাই তাহার ও
তাহার কাব্যের নাম ঘটকর্প হইয়াছে। এরূপ কিং-
দন্তী আছে, ঘটকর্পের এই গর্ভিত প্রতিজ্ঞা দর্শনে,
বপরবশ হইয়া, কালিদাস নলোদয় রচনা করেন। ঘট-
কর্পের অপেক্ষা নলোদয়ে যমকের আড়ম্বর অনেক অধিক।
এই কিংবদন্তী সমূলক হয়, তাহা হইলে, কালিদাস
ঘটকর্পের যমকরচনাগর্ভ বিলক্ষণ খর্ব করিয়াছিলেন।

সূর্য্যশতক ।

সূর্য্যশতক ময়ূরভট্টপ্রণীত। ময়ূরভট্ট এক শত শ্লোকে
সূর্য ও তদীয় মণ্ডল, কিরণ, অশ্ব ও সারথির বর্ণনা ও
করিয়াছেন। এরূপ কিংবদন্তী আছে, ময়ূরভট্ট এই
শ্লোকাত্মক সূর্য্যস্তব রচনা করিয়া কুষ্ঠ ব্যাধি হইতে
হইয়াছিলেন। সূর্য্যশতকের রচনা অতিপ্রগাঢ় ও

(৫) জীবয় যেন কবিনা যমকৈ: দবৈয় ।

তস্মৈ বহুযমদকং ঘটকর্পবৈয় ॥

অতিসুন্দর ; ইহাতে অসাধারণ কবিত্বশক্তিও প্রদর্শিত
হইয়াছে। কিন্তু ময়ূরভূটের যেরূপ রচনাশক্তি ও যেরূপ
কবিত্বশক্তি ছিল, তাহা বিষয়াস্তরে প্রয়োজিত হইলে,
তিনি সূর্য্যশতক অপেক্ষা অনেক অংশে উৎকৃষ্ট কাব্য
রচনা করিয়া যাইতে পারিতেন।

কোষকাব্য ।

পরম্পরনিরপেক্ষ শ্লোকসমূহকে কোষকাব্য বলে।

অমরশতক ।

সংস্কৃত ভাষায় যত কোষকাব্য আছে, তন্মধ্যে অমর
শতক সর্বোৎকৃষ্ট। এই শতশ্লোকাত্মক কাব্যের রচনা
অতি উত্তম। রচনা দেখিয়া স্পষ্ট বোধ হয়, ইহা প্রাচীন
গ্রন্থ। এই কাব্যে অসাধারণ কবিত্বশক্তি প্রদর্শিত হই
য়াছে। কালিদাসের গ্রন্থ পাঠ করিলে, অন্তঃকরণে যেরূপ
অনির্বচনীয় আক্লাদের সঞ্চার হয়, অমরশতকের পাঠে
তদনুরূপ হইয়া থাকে। অমর যে এক জন অতি প্রথমা
কবি ছিলেন, তাহার কোনও সংশয় নাই। অমর অধিক
লিখিয়া যাইতে পারেন নাই, যথার্থ বটে ; কিন্তু যাহা
লিখিয়া গিয়াছেন, তাহাতেই তাঁহার প্রধান কবি বলি
চিত্রস্মরণীয় হইবার সম্পূর্ণ সংস্থান হইয়াছে।

অমরশতক আদিরসাম্প্রিত কাব্য ; কিন্তু এক টীকার, প্রথমতঃ আদিরস পক্ষে ব্যাখ্যা করিয়া, পক্ষান্তরে শাস্ত্রিসাম্প্রিত করিয়া ব্যাখ্যা করিয়াছেন। টীকাকার, অমরশতকের শাস্ত্রি পক্ষে ব্যাখ্যা করিতে উদ্বৃত্ত হইয়া, বল উপহাসাম্পদ হইয়াছেন। তাঁহার দুর্ভাগ্য ক্রমে, এটি শ্লোকেরও শাস্ত্রি পক্ষে সম্যক অর্থসমাবেশ হইয়া ঠাই নাই।



শাস্ত্রিশতক।

এই শাস্ত্রিসাম্প্রিত শতক কাব্য শিহ্লগপ্রণীত। শিহ্লগ
এ কবি ছিলেন ; এবং অর্থলাভার্থে পরোপাসনা, লোভ,
শাস্ত্র ইত্যাদির নিন্দা, এবং বিষয়ের অনিত্যতা প্রতি-
ন ও বদ্বৃদ্ধাভাসস্তোত্র প্রভৃতির, স্বীয় শতকে সং-
র ন্যায় বর্ণন করিয়াছেন। শাস্ত্রিশতকের রচনা উত্তম।
এই পর্য্যালোচনা করিলে, শাস্ত্রিশতক উৎকৃষ্ট কাব্য।

তিশতক, শৃঙ্গারশতক, বৈরাগ্যশতক।

নীতিশতকে নানা স্ত্রীতির উপদেশ আছে। শৃঙ্গার
শতক সমুদায় শ্লোক আদিরসাম্প্রিত। বৈরাগ্যশতক

সর্বাংশে শাস্ত্রিশতকের তুল্য। তিনের মধ্যে নীতিশতর সর্বোৎকৃষ্ট। এই তিন শতকের রচয়িতার নাম ভর্তৃহরি ভর্তৃহরির রচনার্ত্ত উত্তম এবং কবিত্বশক্তিও বিলক্ষণ ছিল অনেকে কহিয়া থাকেন, এই ভর্তৃহরিই বিক্রমাদিত্যে সহোদর। যেরূপ জনশ্রুতি আছে, তদনুসারে বিক্রম সোদর ভর্তৃহরি অত্যন্ত নীতিপরায়ণ ও অত্যন্ত স্ত্রৈ ছিলেন এবং পরিশেষে, স্ত্রীর উপর বিরক্ত হইয়া, বৈরাগ্য অবলম্বন করিয়াছিলেন। তাঁহার অবস্থার সহিত তি কাব্যার্থের যেরূপ ঐক্য হইতেছে, তাহাতে এই তিন কাব্য তাঁহার রচিত, এ কথা নিতান্ত অসঙ্গত বোধ হয় না।

আর্য্যাসপ্তশতী।

এই সপ্তশতশ্লোকায়ক কাব্য আর্য্য্য ছন্দে রচিত, নিমিত্ত ইহা আর্য্যাসপ্তশতী নামে প্রসিদ্ধ। গ্রন্থকর্ত্তার নাম গোবর্দ্ধন, এ নিমিত্ত গোবর্দ্ধনসপ্তশতী নামেও নির্দিষ্ট হইয়া থাকে। গোবর্দ্ধন সৎকবি ছিলেন। তাঁহার রচনা সরল ও মধুর। জয়দেব গীতগোবিন্দের প্রারম্ভে গোবর্দ্ধনের সবিশেষ প্রশংসা করিয়াছেন (১০)।

(১০) মহাকায়োন্নয়মন্ময়বচনৈবান্বাৰ্য্যগোবর্দ্ধন-
স্বর্দ্ধী কৌণ্ডি ন বিশ্বতঃ ।

গদ্যকাব্য ।

কাদম্বরী ।

সংস্কৃত ভাষায় গদ্য সাহিত্য গ্রন্থ অধিক নাই । যে ক খানি গদ্যগ্রন্থ দেখিতে পাওয়া যায়, তন্মধ্যে কাদ-সর্কশ্ৰেষ্ঠ । কাদম্বরী গদ্যে রচিত বটে, কিন্তু অতি ন কাব্য মধ্যে পরিগণিত । এই গ্রন্থ বাণভট্টপ্রণীত । ভট্ট মহাকবি ও সংস্কৃত রচনায় মহাপণ্ডিত ছিলেন । যশোন্তে যে সকল বিষয়ের বর্ণন করিতে হয়, বাণভট্ট গ্রন্থে তাহার কিছুই পরিত্যাগ করিয়া বান নাই । বাহা বর্ণন করিয়াছেন, তাহাই অসাপারণ । তাঁহার সকল কাব্য, মার্জিত্য ও অর্থের গান্ধীর্ষ্য পূর্ণ । রচনা মধুর, কোমল, ললিত ও প্রগাঢ় । রচনার গব প্রশংসা এই, বাণভট্ট যে সকল শব্দ বিন্যাস রাছেন, তাহার একটিও পরিবর্তন নহে ।

এই গ্রন্থে চন্দ্রাপীড়নামক রাজকুমার ও গন্ধর্করাজ ধের কন্যা কাদম্বরীর বৃত্তান্ত বর্ণিত হইয়াছে । এই কাব্যের যে স্থলে, মহাশ্বেতানাম্নী এক তপস্বিনী, পীড়ের নিকট, পরিদেবিতপরিপূর্ণ আত্মবৃত্তান্ত বর্ণন তছেন, ঐ অংশ এমন মনোহর যে বোধ হয় কোনও রি কোনও কবি তদপেক্ষায় অধিক মনোহর রচনা বা

বর্ণনা করিতে পারেন নাই। মহাশেখতার উপাখ্যান এ
অত্যুৎকৃষ্ট কাব্যের সর্বোৎকৃষ্ট ভাগ।

কাদম্বরী, এইরূপ অশেষগুণসম্পন্ন হইয়াও, দোষস্পর্শ
শূন্য নহে। বাণভট্ট মধ্যে মধ্যে শব্দশ্লেষ ও বিরোধাত্মক
ঘটিত রচনা করিয়াছেন। ঐ সকল স্থলে গ্রন্থকর্তা
অসাধারণ নৈপুণ্য প্রদর্শিত হইয়াছে; এবং ভারতবর্ষী
পণ্ডিতেরাও ঐরূপ রচনাকে চিত্তরঞ্জন জ্ঞান করিয়া থাকে
যথার্থ বটে; কিন্তু ঐ সকল স্থল যে দুর্লভ ও নীর
ইহা অদৃশ্যই স্বীকার করিতে হইবেক। এতদ্ব্যতিরিক্ত
মধ্যে মধ্যে দীর্ঘসমাসঘটিত অতি দীর্ঘ দীর্ঘ বাক্য আছে
এই দ্বিবিধ দোষস্পর্শ না থাকিলে কাদম্বরীর ন্যায় কাব্য
গ্রন্থ অতি অল্প পাওয়া যাইত।

দুর্ভাগ্য ক্রমে, বাণভট্ট আপন গ্রন্থ সমাপন করি
বাইতে পারেন নাই। তিনি যে পর্য্যন্ত লিখিয়া গিয়া
ছিলেন, তাহা কাদম্বরীর পূর্বভাগ নামে প্রসিদ্ধ। তাঁ
পুত্র উপাখ্যানের উত্তরভাগ সঙ্কলন করিয়াছেন। কি
পুত্র পৈতৃক অলৌকিক কবিত্বশক্তি বা অসাধারণ রচনা
শক্তির উত্তরাধিকারী হইলেন নাই। উত্তর ভাগ কোন
ক্রমে পূর্ব ভাগের যোগ্য নহে।

দশকুমারচরিত ।

দশকুমারচরিত এক অভ্যুত্তম গদ্য গ্রন্থ। কিন্তু
 যাংশে তাদৃশ উৎকৃষ্ট নয়। রচনা অতি উত্তম বটে,
 কাদম্বরীর রচনার স্থায় চমৎকারিণী ও চিত্তহারিণী
 । এই গ্রন্থে নানা বিষয়ের বর্ণনা আছে ; কিন্তু বর্ণনা
 যেরূপ কোঁতুকবাহিনী, সেরূপ রসশালিনী নহে।
 করিলে প্রীত ও চমৎকৃত হওয়া যায়, দশকুমারচরিত
 প গ্রন্থ নয়। গ্রন্থকর্তার নাম দণ্ডী।

দশকুমারচরিতশব্দে দশ কুমারের বৃত্তান্তবর্ণনাত্মক
 বুঝায়। কিন্তু যে দশকুমারচরিত দণ্ডিপ্রণীত বলিয়া
 লিত, তাহাতে আট কুমারের চরিত্র মাত্র বর্ণিত আছে।
 ণ্ড, এই গ্রন্থ অসম্পূর্ণবৎ বোধ হইতেছে। যেরূপে
 র আরম্ভ হইতেছে, তাহা কোনও ক্রমে সংলগ্ন
 হয় না। আমরা যে সকল ব্যক্তি ও বৃত্তান্তের বিষয়
 বিসর্গও অবগত নহি, এককালে সেই সকল বিষয়ের
 হইতেছে। সমাপ্তিও আরম্ভের স্থায় অসংলগ্ন।
 কুমারের বৃত্তান্ত সম্পূর্ণ রূপে বর্ণিত হইল, এরূপ
 তি হয় না। এইরূপে দশকুমারচরিতের উপক্রম ও
 হার উভয়ই ন্যূনতা প্রতিভাসমান হইতেছে।

উপক্রমের ন্যূনতাপরিহারের নিমিত্ত, পূর্কপীঠিকা
 এক উপক্রমণিকা রচিত হইয়াছে। এই উপক্রম-

শিকাতে, দশ সংখ্যা পূর্ণ করিবার নিমিত্ত, আর জুই
কুমারের বৃত্তান্ত সুস্কলিত হইয়াছে। এই অংশও দণ্ডী
নিজের রচিত বলিয়া প্রচলিত। কিন্তু উপক্রমণিকার
দশকুমারচরিতের রচনা পরস্পর একরূপ বিসংবাদিনী যে
উভয় এক লেখনীর মুখ হইতে বিনির্গত বলিয়া কোন
ক্রমে প্রতীতি হয় না।

দশকুমারচরিতের বেরূপ এক উপক্রমণিকা আদে
সেইরূপ এক পরিশিষ্টও আছে। ইহার নাম শেষ অর্থাৎ
কথার অবশিষ্ট অংশ। এই অবশিষ্ট অংশ চক্রপাণি
দীক্ষিতনামক এক মহারাষ্ট্রীয় ব্রাহ্মণের রচিত। আমরা
পর্যন্ত এই পুস্তক দেখিতে পাই নাই। সুবিখ্যাত
সংস্কৃতবেত্তা শ্রীযুত হোরেন্স হেমেন্স উইলসন এই পুস্তক
দেখিয়াছেন। তিনি কহেন যে চক্রপাণি নিজ রচ
উৎকর্ষ সাধনের নিমিত্ত, যথেষ্ট শ্রম করিয়াছিলেন, ি
উঁহার রচনা দণ্ডীর রচনা অপেক্ষা নিকৃষ্ট। বিশেষ
উপাখ্যানভাগ এমন অসার ও অকিঞ্চিৎকর যে
করিলে পরিশ্রম পোষায় না।

অনেকে অনুমান করেন, দণ্ডী গ্রন্থকর্তার নাম ন
ইহা তাঁহার উপাধি মাত্র। যাহারা, সংসারাপ্রম পরিভা
করিয়া, সম্যাস ধর্ম গ্রহণ করে, তাহাদিগকে দণ্ডী ক
এই অনুমান নিতান্ত অসঙ্গত বোধ হয় না। আর,
গৃন্থকর্তার বিষয়ে যে এক কিংবদন্তী প্রচলিত আছে, তা

ও উক্ত অনুমানের বিলক্ষণ পোষকতা হইতেছে। দণ্ডী-
 গের নিয়মিত বাসস্থান নাই, তাঁহার সর্বদা পর্যটন
 রন; কেবল বর্ষা চারি মাস, পর্যটনে অশেষ ক্লেশ
 দিয়া, কোনও গৃহস্থের আবাসে আশ্রয় গ্রহণ করেন।
 মাদের দণ্ডীও গৃহস্থের ভবনে বর্ষা চারি মাস বাস
 রতেন, এবং সেই অবকাশে এক এক খানি গ্রন্থ রচনা
 রতেন। যে বার যে গৃহস্থের আশ্রয়ে থাকিতেন, বর্ষান্তে
 স্থানকালে, স্বরচিত পুস্তক খানি তাহার হস্তে সমর্পণ
 রিয়া যাইতেন। দশকুমারচরিত দণ্ডীর এক বর্ষা চারি
 মাসের রচনা। আর, কাব্যাদর্শ নামে দণ্ডীর যে অলঙ্কার
 র আছে, তাহাও আর এক বর্ষা চারি মাসের পরিশ্রম।
 এই কিংবদন্তী অমূলক না হয়, তাহা হইলে, দশ-
 কুমারচরিতের উপক্রমে ও উপসংহারে যে ন্যূনতা আছে,
 তাহারও এক প্রকার কারণ উপলব্ধ হইতেছে। যেহেতু,
 কিংবদন্তী ইহাও নির্দেশ করিয়া থাকেন, দণ্ডী যে বর্ষাতে
 দশকুমারচরিত রচনা করেন, সেই বর্ষাতেই তাঁহার প্রাণ-
 ত্যাগ হয়। এই নিমিত্ত, তিনি দশকুমারচরিতের কথা
 সমাপ্ত ও পূর্বাপরসংলগ্ন করিয়া যাইতে পারেন
 নাই।

বাসবদত্তা।

বাসবদত্তা সুবন্ধু নামক কবির রচিত। সুবন্ধু স্বগ্রন্থ সমাপিকাতে, বরকচির ভাগিনেয় বলিয়া, আত্মপরিপ্রদান করিয়াছেন (১১)। বরকচি বিক্রমাদিত্যের নরত্নের অন্তর্ভুক্ত ছিলেন। বিক্রমাদিত্যের মৃত্যুর পর সুবন্ধু বাসবদত্তা রচনা করেন; এবং গুণগ্রাহী বিক্রমাদিত্য বিদ্যমান নাই বলিয়া আক্ষেপ করিয়াছেন (১২)।

বাণভট্টের কাদম্বরী ও সুবন্ধুর বাসবদত্তা এ উভয় গ্রন্থ এক প্রণালীতে রচিত। বোধ হয়, একরূপ রচণাপ্রণালী সুবন্ধুই প্রথম উদ্ভাবিত করেন। বাণভট্ট যে বিক্রমাদিত্যের সময়ের অনেক পরে প্রাদুর্ভূত হইয়াছিলেন, তাহা কোনও সংশয় নাই। এই গ্রন্থে কন্দর্পকেতু নামক রাজকুমার ও বাসবদত্তা নামী এক রাজকুমারীর বৃত্ত বর্ণিত হইয়াছে।

সুবন্ধু বাসবদত্তার রচনাতে যথেষ্ট নৈপুণ্য প্রদর্শন করিয়াছেন। কিন্তু তাঁহার তাদৃশ অসাধারণ কবিত্বশক্তি ছিল না। কি রচনা, কি বর্ণনা, কি কথাযোজনা, সুবন্ধু

(১১) ইতি স্বীয়বৎসিভাগিনেয়বলবন্ধুযিৎসিতা বাসবদত্তে
হ্যায়িকা সমাপ্তা।

(১২) মারসবত্তা নিস্কৃতা নবক্সা শিল্পমলি স্বরতি নী কস
সরস্বীধী, কীর্তিন্যেগং গতবতি ভূবি বিক্রমাদিত্যে ॥

দত্তা সর্বাংশেই মধ্যবিধ। পাঠ করিলে, এই গ্রন্থ
 য কবির রচিত বলিয়া প্রতীতি হয় না। কিন্তু গ্রন্থের
 স্ত যে কয়েকটি শ্লোক আছে, এবং গ্রন্থের মধ্যে কবি
 ই শ্লোকে কুপিত সিংহের বর্ণনা করিয়াছেন, তাহা
 স্ত মনোহর।

চম্পূকাব্য।

মামরা যে কয়েক খানি চম্পূকাব্য দেখিয়াছি, তন্মধ্যে
 য প্রশংসার যোগ্য এক খানিও নাই। কালিদাস ও
 উ, ভারবি ও ভবভূতি, মাঘ ও শ্রীহর্ষদেব প্রভৃতি
 কবিরা এ বিষয়ে হস্তক্ষেপ করেন নাই। আর,
 কোনও প্রধান কবি চম্পূকাব্য রচনা করিয়া থাকেন,
 তাহা অত্ৰাপি বিজ্ঞমান নাই, নয় এপর্য্যন্ত উদ্ভা-
 হয় নাই।

মামরা যে সাত খানি চম্পূকাব্য দেখিয়াছি, তন্মধ্যে
 কবিরচিত অনিরুদ্ধচরিত সর্বাংশেই। দেবরাজের
 গক্তি ও কবিত্বশক্তি নিতান্ত সামান্য ছিল না। যে
 দেবকে বিদ্যোৎসাহিতা ও গুণগ্রাহিতা বিষয়ে দ্বিতীয়
 গাদিত্য বলিয়া গণনা করিতে হয়, তাঁহার রচিত
 মায়ণ ও চিরঞ্জীবিরচিত বিদ্বন্মোদতরঙ্গিনী নিতান্ত
 চ চম্পূ নহে। এতদ্ব্যতিরিক্ত, অনন্তভট্টপ্রণীত
 গরত, ভানুদত্তবিরচিত কুমারভাগবীণ, রামনাথরত

চন্দ্রশেখরচেতোবিলাসচম্পু, এবং রূপগোস্বামিলিলাস
আনন্দবৃন্দাবনচম্পু, এই কয়েক চম্পুকে কাব্য নাট্য
নির্দেশ করিতে পারা যায়, এমন কোনও বিশেষ গু
দেখিতে পাওয়া যায় না।

দৃশ্য কাব্য।

মহাকাব্য প্রভৃতির কেবল শ্রবণ হয়, এই নিমিত্ত
উহাদিগকে শ্রব্য কাব্য বলে। নাটকের, শ্রব্য কাব্যে
শ্রাব্য, শ্রবণ হয় ; অধিকন্তু, রঙ্গভূমিতে নট দ্বারা অভিনয়
কালে, দর্শনও হইয়া থাকে। এবং ইহাই নাটকে
প্রধান উদ্দেশ্য। এই নিমিত্ত নাটকের নাম দৃশ্য কাব্য।
দৃশ্য কাব্য দ্বিবিধ ; রূপক ও উপরূপক। রূপক নাট্য
প্রকরণ প্রভৃতি দশবিধ। উপরূপক নাটিকা, ত্রোটি
প্রভৃতি অষ্টাদশবিধ। আলঙ্কারিকেরা দৃশ্য কাব্যের
যে অষ্টাবিংশতি বিভাগ নির্দেশ করিয়াছেন, তাহাতে
বিশেষভেদগ্রাহক তাদৃশ কোনও লক্ষণ নাই। সর্বপ্রা
ভেদ নাটকের যে সমস্ত লক্ষণ নিরূপিত আছে, দৃ
কাব্যের অত্যা ত্ত ভেদও সেই সমুদয় লক্ষণে আক্রান্ত
আলঙ্কারিকেরা অন্যান্য ভেদের, অঙ্গসম্বন্ধ্যার ন্যূনাধি
প্রভৃতি যে কয়েকটি বিশেষ লক্ষণ নিরূপণ করিয়াছেন
তাহা এত সামান্য যে সে অনুরোধে, দৃশ্য কাব্যের

পতি বিভাগ কল্পনা না করিয়া, ষাবতীয় দৃশ্য কাব্যকে
 দ নাটক নামে নির্দেশ করিলেই শ্রায়ানুগত হইত।
 প্রত্যেক নাটকের প্রারম্ভে সূত্রধার, অর্থাৎ প্রধান
 স্বীয় সহচরী অথবা অথ দুই এক সহচরের সহিত
 স্মৃতিতে প্রবিষ্ট হইয়া, কবির ও নাটকের নাম নির্দেশ
 এবং প্রসঙ্গ ক্রমে নাটকীয় ইতিবৃত্ত অবতীর্ণ করিয়া
 এই অংশকে প্রস্তাবনা কহে। যে স্থলে ইতি-
 । স্থূল স্থূল অংশের একপ্রকার শেষ হয়, সেই সেই
 পরিচ্ছেদ কল্পিত হইয়া থাকে। ঐ পরিচ্ছেদের
 অঙ্ক। নাটকে এক অবধি দশ পর্য্যন্ত অঙ্কসংখ্যা
 তে পাওয়া যায়। নাটক আত্মোপাস্ত গদ্যে রচিত,
 মধ্যে মধ্যে শ্লোক থাকে। আদি অবধি অন্ত পর্য্যন্ত
 ভাষায় রচিত নহে, ব্যক্তিবিশেষের বক্তব্য ভাষা-
 বে সঙ্কলিত হইয়া থাকে। রাজা, মন্ত্রী, ঋষি, পণ্ডিত,
 প্রভৃতি প্রধান পুরুষেরা সংস্কৃতভাষী; স্ত্রী, বালক,
 প্রধান পুরুষদিগের ভাষা প্রাকৃত। প্রাকৃত সংস্কৃতের
 ংশ। আলঙ্কারিকেরা এই অপভ্রংশের, কিঞ্চিৎ
 বৈলক্ষণ্য নিবন্ধন, সপ্তদশ ভেদ কল্পনা করিয়া-
 স্ত্রীলোকের মধ্যে পণ্ডিতা তপস্বিনীরা সংস্কৃত-
 । অশুভ ঘটনা দ্বারা সংস্কৃত নাটকের উপসংহার
 নাই। সংস্কৃত ভাষায় আদিরস, বীররস ও
 প্রধান নাটক অনেক।

মহাকাব্য, খণ্ডকাব্য, ও কোষকাব্যের ন্যায়, সংস্কৃত ভাষায় নাটকও অনেক আছে। কালিদাস প্রভৃতি প্রধান কবিগণ এই ভাষায় নাটক রচনা করিয়া গিয়াছেন। এক সময়ে এই ভারতবর্ষে রঙ্গভূমিতে সংস্কৃত নাটক অভিনয় হইত।

ভারতবর্ষীয় পণ্ডিতেরা ভারতমুনিতে সংস্কৃত নাট্যশাস্ত্রের সৃষ্টিকর্তা বলিয়া নির্দেশ করিয়া থাকেন। তাঁহারা ইহাও কহেন, এই ভারতমুনি অঙ্গরাদিগের নাট্যব্যাপার উপদেশ্য। অঙ্গরারা, ইহার নিকট উপদেষ্ট হইয়া দেবরাজ ইন্দ্রের সভায়, নাটকের অভিনয় করিয়া থাকেন। এরূপ নাট্যাচার্য্য যে কোনও কালে বিদ্যমান ছিলেন, এ বিষয়ে সংশয় হইতে পারে না। কিন্তু, সংস্কৃত নাট্যরিকেরা, স্ব স্ব গ্রন্থে, মধ্যে মধ্যে, ভারতমুনি বলিয়া প্রমাণ উদ্ধৃত করিয়া থাকেন। তাহাতে ইহাই প্রতীয়মান হইতেছে, নাটকরচনা বিষয়ে সংস্কৃত ভাষায় এক প্রাচীন গ্রন্থ ছিল; ভারতবর্ষীয় পণ্ডিতেরা, অবিসংখ্য প্রমাণ সংস্থাপনের নিমিত্ত, ঐ গ্রন্থ খণ্ডিত প্রমাণে নির্দেশ করিয়াছেন।

কেবল এই বিষয়েই নহে, অত্যাশ্চর্য্য বিদ্যা বিষয়ে প্রাচীন লক্ষিত হইতেছে। সর্কাপেক্ষা প্রাচীন বা পাণিনি মুনির প্রণীত বলিয়া প্রচলিত। ঐ ব্যাকরণিক কাভ্যায়ন মুনির রচিত, ভাষ্য পতঞ্জলি

িত, বলিয়া প্রসিদ্ধ। যে সর্পরাজ অনন্তদেব, পুরাণের অনুসারে, সনাগরা সঙ্গীপা পৃথিবী কুণ্ডমণ্ডলের উপর । করিয়া আছেন, পতঞ্জলি তাঁহার অবতার। সর্পের তার মুনির রচিত বলিয়া, ঐ ভাষ্য কৃষ্ণিভাষ্য নামে সদ্ধ। ষাবতীয় পুরাণ মহর্ষি ব্যাসের রচিত বলিয়া লিত। ধর্মশাস্ত্র সকল মনু, অত্রি, হারীত, যাজ্ঞবল্ক্য য়তি এক এক মুনির রচিত বলিয়া প্রসিদ্ধ। সাঙ্খ্য পাতঞ্জলি, ন্যায় ও বৈশেষিক, বেদান্ত ও মীমাংসা ছয় দর্শন, যথাক্রমে, কপিল ও পতঞ্জলি, গোতম ও দ, ব্যাস ও জৈমিনি, এই ছয় মুনির নামে প্রচলিত।

সকল যে ইদানীন্তন কালের রচিত গ্রন্থ, তাহার নও সংশয় নাই—এত ইদানীন্তন, যে কোনও নও তন্ত্বে ইঙ্গরেজদিগের ও লণ্ডন নগরের নির্দেশ ধতে পাওয়া যায় (১৩)। এই সকল তন্ত্বে শিবপ্রোক্ত ণ্য প্রচলিত। বেদ সকল সৃষ্টিকর্তার নিজের রচিত ণ্য প্রসিদ্ধ। এই রূপে, নব্য কাব্য ও সংগ্রহ গ্রন্থ ; প্রায় সমুদয় সংস্কৃত শাস্ত্রই এক এক মুনির, অথবা তার, প্রণীত বলিয়া পরিগণিত হইয়া থাকে।

(১২) দুর্লভ্যায় নবঘটং মন্ত্রঘটিতঃ প্রকীর্তিতাঃ ।

ক্ষিরকুম্ভাময়ং তন্ত্রাল্পদং সম্বাদনাত্মকম্ ।

অধিদা মন্ত্রজ্ঞানাস্তু সম্যগীক্ষ্যপব্যাজিতাঃ ।

স্বইজা নব ঘটং মন্ত্ৰ জ্ঞানজাস্বাদি ণ্যাদিনঃ ॥

মেকতন্ত্র । ২৩ প্রকাশ ।

অভিজ্ঞানশকুন্তল, বিক্রমোর্ধ্বশী, মালবিকাগ্নিমিত্র ।

সংস্কৃত ভাষায় যত নাটক আছে, শকুন্তলা সে সকল অপেক্ষা সর্বাংশে উৎকৃষ্ট। এই অপূর্ব নাটকের, আদি অবধি অন্ত পর্য্যন্ত, সর্বাংশই সর্বাঙ্গসুন্দর। যদি শত বার পাঠ কর, শত বারই অপূর্ব বোধ হইবেক। এই নাটক সাত অঙ্কে বিভক্ত। ইহাতে দুঃখান্ত ও শকুন্তলার বৃত্তান্ত বর্ণিত হইরাছে। প্রথম অঙ্কে দুঃখান্ত ও শকুন্তলার সাক্ষাৎকার, তৃতীয় অঙ্কে উভয়ের মিলন, চতুর্থে শকুন্তলার প্রস্থান, পঞ্চমে শকুন্তলার দুঃখান্ত-সমীপগমন ও প্রত্যাখ্যান, ষষ্ঠে রাজার বিরহ, সপ্তমে শকুন্তলার সহিত পুনর্মিলন ; এই সকল স্থলে কালিদাস স্বীয় অলৌকিক কবিত্বশক্তির পরা কাষ্ঠা প্রদর্শন করিয়াছেন। উত্তম সংস্কৃতজ্ঞ সন্দেহ ব্যক্তি অভিজ্ঞানশকুন্তল পাঠ করিলে, অবশ্যই তাঁহার অন্তঃকরণে এই প্রতীতি জন্মবেক যে মনুষ্যের ক্ষমতায় ইহা অপেক্ষা উৎকৃষ্ট রচন সম্ভবিত্তে পারে না। বস্তুতঃ, কালিদাসের অভিজ্ঞান-শকুন্তল অলৌকিক পদার্থ।

ভারতবর্ষীয়েরাই যে, স্বদেশীয় কাব্য বলিয়া, শকুন্তলার এত প্রশংসা করেন, এমন নহে ; দেশান্তরীয় পণ্ডিতেরাও শকুন্তলার এইরূপ, অথবা ইহা অপেক্ষা অধিক, প্রশংসা

করিয়াছেন। নানাবিদ্যাविशारद, অশেষদেশভাষাজ্ঞ, সুবিখ্যাত সর্ উইলিয়ম্ জোন্স, শকুন্তলা পাঠ করিয়া, এমন প্রীত হইয়াছিলেন যে কালিদাসকে স্বদেশীয় অদ্বিতীয় কবি শেক্সপীরের তুল্য বলিয়া নির্দেশ করিয়াছেন ; এবং চর্মনিদেশীয় অতি প্রধান পণ্ডিত ও অতি প্রধান কবি, গাট্টি, শকুন্তলার সর্ উইলিয়ম্ জোন্সকৃত ইঙ্গরেজী অনুবাদেদের রুচিরূপে জার্মান অনুবাদ পাঠ করিয়া, লিখিয়াছেন, 'যদি কেহ বসন্তের পুষ্প ও শরদের ফল লাভের অভিলাষ করে, যদি কেহ চিত্তের আকর্ষক ও বশীকরণকারী বস্তুর অভিলাষ করে, যদি কেহ প্রীতিজনক ও প্রফুল্লকর বস্তুর অভিলাষ করে, যদি কেহ স্বর্গ ও পৃথিবী এই দুই এক নামে সমাবেশিত করিবার অভিলাষ করে, তাহা হইলে, হ অভিজ্ঞানশকুন্তল ! আমি তোমার নাম নির্দেশ করি ; এবং তাহা হইলেই সকল বলা হইল"। যদি বিদেশীয় লোক, অনুবাদের অনুবাদ পাঠ করিয়া, এত প্রীত ও এত মৎকৃত হইতে পারেন, তবে স্বদেশীয়েরা যে, সেই বিষয় মূল পুস্তকে পাঠ করিয়া, কত প্রীত ও কত চমৎকৃত হইবেন, তাহা সকলেই অনুভব করিতে পারেন।

বিক্রমোর্কশী পাঁচ অঙ্কে বিভক্ত। এই নাটকে পুরুষবাঃ ও উর্কশীর বৃত্তান্ত বর্ণিত হইয়াছে। বিক্রমোর্কশীর আত্মোপাস্ত শকুন্তলার ছায় সর্বদৃশ্যমুন্দর নহে। কিন্তু, চতুর্থ অঙ্কে, উর্কশীর বিরুদ্ধে একান্ত অধীর ও বিচেষ্ট হইয়া,

পুঙ্করবাঃ, তাঁহার অশ্বেষণের নিমিত্ত, বনে বনে জয়গ করিতেছেন, এই বিষয়ের যে বর্ণন আছে, তাহা অত্যন্ত মনোহর—এমন মনোহর, যে কোনও দেশীয় কোনও কবি উহা অপেক্ষা অধিক মনোহর বর্ণনা করিতে পারেন না, এ কথা বলিলে নিতান্ত অসঙ্গত হইবেক না।

কালিদাসের তৃতীয় নাটক মালবিকাগ্নিমিত্র। মালবিকাগ্নিমিত্র উত্তম নাটক বটে, কিন্তু অভিজ্ঞানশকুন্তল ও বিক্রমোর্কশী অপেক্ষা অনেক ন্যূন। এই নাটক পাঁচ অঙ্কে বিভক্ত। ইহাতে মালবিকা ও অগ্নিমিত্র রাজার উপাখ্যান বর্ণিত হইয়াছে। বোধ হয়, কালিদাস সর্বপ্রথম এই নাটক রচনা করিয়াছিলেন।

বীরচরিত, উত্তরচরিত, মালতীমাধব।

এই তিন নাটক ভবভূতির প্রণীত। ভবভূতি এক জন অতিপ্রধান কবি ছিলেন। কবিত্বশক্তি অনুসারে গণনা করিতে হইলে, কালিদাস, মাঘ, ভারবি, শ্রীহর্ষদেব ও বাণভট্টের পর তদীয় নাম নির্দেশ, বোধ হয়, অসঙ্গত নহে। ভবভূতির রচনা হৃদয়গ্রাহিণী ও অতিচমৎকারিণী। সংস্কৃত ভাষায় যত নাটক আছে, ভবভূতি প্রণীত নাটকত্রয়ের রচনা সে সকল অপেক্ষা সমধিক

গাঢ়। ইনি, অন্য অন্য কবির ন্যায়, মধুর ও কোমল চিনতে প্রবীণ ছিলেন; অধিকন্তু, ইঁহার নাটকে মধ্য মধ্যে অর্থের যেরূপ গাভীর্য্য দেখিতে পাওয়া যায়, অথ অথ কবির নাটকে প্রায় সেরূপ দেখিতে পাওয়া যায় না। ভবভূতির বিশেষ প্রশংসা এই যে, অন্য অথ বরা, অনাবশ্যক ও অনুচিত স্থলেও, আদিতস অব-
 র্ণ করিয়াছেন; কিন্তু ইনি সে বিষয়ে অত্যন্ত বধান; অনাবশ্যক স্থলে, কোনও ক্রমে, স্বীয় রচনাকে আদিতসে দূষিত করেন নাই, আবশ্যক স্থলেও অত্যন্ত সাব-
 ন হইয়াছেন। ইঁহার যেমন বিশেষ গুণ আছে, মনই কয়েকটি বিশেষ দোষও আছে। রচনার দোষে মনে স্থানে অর্থবোধ হওয়া দুর্ঘট; এবং মধ্যে মধ্যে স্কৃত ও প্রাকৃত ভাষাতে এমন দীর্ঘসমাসঘটিত বাক্য আছে যে তাহাতে অর্থবোধ ও রসাস্বাদ বিষয়ে লক্ষণ ব্যাঘাত জন্মিয়া উঠে। নাটকের কথোপকথন স্থলে সেরূপ দীর্ঘসমাসঘটিত রচনা অত্যন্ত দূষ্য।

বীরচরিতে রামের বিবাহ অবধি রাবণবধের পর অশোধ্য ত্যাগমন ও রাজ্যাভিষেক পর্য্যন্ত বর্ণিত হইয়াছে। ১ বীররসাত্মিত নাটক। বীরচরিতে ভবভূতির কবিত্ব-
 ক্ত বিলক্ষণ প্রদর্শিত হইয়াছে; কিন্তু যে সমস্ত গুণ কিলে নাটক প্রশংসনীয় হয়, সে সমুদয় তাদৃশ অধিক ই। তথাপি, রামচরিতের এই অংশ হইয়া অন্য অন্য

কবি যে সকল নাটক রচনা করিয়াছেন, বীরচরিত্ত
সকল অপেক্ষা সর্বাংশে উত্তম, তাহার সন্দেহ নাই।

উত্তরচরিতে বীরচরিত্তবর্ণিতাবশিষ্ট রামচরিত্ত বর্ণি
হইয়াছে। উত্তরচরিত্ত ভবভূতির সর্বপ্রধান নাটক
এই নাটক ককণারসাস্রিত। বর্ণনা সকল কারুণ্য, মাধু
ও অর্থের গান্ধীর্যো পরিপূর্ণ। রচনা মধুর, ললিত
প্রগাঢ়। কলতঃ, শকুন্তলা আদিরস বিষয়ে যেমন সর্বো
কৃষ্ট নাটক, উত্তরচরিত্ত ককণারস বিষয়ে সেইরূপ।
নাটক পাঠ করিলে, মোহিত হইতে ও অশ্রুপাত করি
হয়।

মালতীমাধব আদিরসাস্রিত নাটক। ভবভূতি
নাটকে আপন রচনাশক্তি ও কবিত্বশক্তির এক
প্রদর্শন করিয়াছেন; এবং প্রস্তাবনাতে গর্ভিত বা
কহিয়াছেন, “যাহারা আমার এই নাটকে অস
প্রদর্শন করে, তাহারাই তাহার কারণ জানে, তা
দের নিমিত্ত আমার এ যত্ন নয়; আমার কাব্যের তা
গ্রহণসমর্থ কোনও ব্যক্তি এই অসীম ভূমণ্ডলের কো
স্থানে থাকিতে পারেন, অথবা কোনও কালে উৎ
হইতে পারেন” (১৪)। কিন্তু ভবভূতি, অসাধারণ উৎ

(১৪) যে নাম কৌশলিদিব্ধ ন. প্রথয়ন্যবরণা

জানন্নি তে ক্ৰিমপি তান্ মতি নৈম যত্নঃ।

ভবভূত্বনৈঃস্তু মম কোঃপি সমানধর্ম্মা

ফালী হ্যয়ং নিবধধির্বিপুলী স্ব পৃথ্বী ॥

স্বাদনের নিমিত্ত যেরূপ প্রয়াস পাইয়াছিলেন, এবং
 ভাবনাতে যেরূপ অসদৃশ অঙ্কার প্রদর্শন করিয়াছেন,
 লতীমাধব তত উত্তম নাটক হয় নাই। ইহাতে রচনার
 তুর্য্য ও মাধুর্য্য আছে এবং অর্ণেরও অসাধারণ গাম্ভীর্য্য
 আছে, যথার্থ বটে; কিন্তু কালিদাস দুঃস্বস্ত ও শকুন্তলার,
 ২২ শ্রীহর্ষদেব বৎসরাজ ও রত্নাবলীর, উপাখ্যান যাদৃশ
 নাহররূপে নিবদ্ধ করিয়াছেন, মালতী ও মাধবের বৃত্তাস্ত
 ভূতি সেরূপ মনোহর করিতে পারেন নাই। বিশে-
 ঃ; অর্থবোধের কষ্ট ও অতিদীর্ঘ সমাস প্রভৃতি
 ভূতির যে সমস্ত দোষ আছে, সে সমুদয় মালতী-
 বাবেই ভূরি পরিমাণে উপলব্ধ হয়। আমরা, মালতীমাধব
 ঠ করিয়া, ভবভূতির কবিত্বশক্তি ও রচনাশক্তির
 গংসা করিতে প্রস্তুত আছি; কিন্তু মালতীমাধবকে
 হৃৎকৃষ্ণ নাটক বলিয়া অঙ্গীকার করিতে কোনও ক্রমে
 ত নহি। ভবভূতি যত অঙ্কার করুন না কেন,
 হার মালতীমাধব কালিদাসের শকুন্তলা, শ্রীহর্ষদেবের
 বলী এবং তাঁহার নিজের উত্তরচরিত অপেক্ষা অনেক
 শে হুন। ভবভূতি স্বপ্রণীত নাটকত্রয়ের মধ্যে, বোধ
 মালতীমাধবকেই সর্বোৎকৃষ্ণ স্থির করিয়াছিলেন।
 ৫ পাঠকবর্গের বিবেচনা যেরূপ পক্ষপাতশূন্য হয়,
 কর্তাদের নিজের বিবেচনা সর্বদা সেরূপ হইয়া উঠে

না। বোধ হয়, মহাদয় পাঠক যাত্রাই উত্তরচরিতকে
ভূতির সর্বোৎকৃষ্ট নাটক জ্ঞান করিয়া থাকেন।

রত্নাবলী ও নাগানন্দ।

রত্নাবলী এক অত্যুৎকৃষ্ট নাটক—এমন উৎকৃষ্ট
অনেকে রত্নাবলীকে ষাবতীয় নাটক অপেক্ষা সমা
মনোহর জ্ঞান করিয়া থাকেন। সে যাহা হই
উৎকর্ষ অনুসারে পৌরীপার্ব্য স্থির করিতে হই
শকুন্তলার পরে রত্নাবলীর নাম নির্দেশ হওয়া উচি
রত্নাবলী চারি অঙ্কে বিভক্ত। এই নাটকে বৎসরাত
সাগরিকার বৃত্তান্ত বর্ণিত হইয়াছে। রাজদর্শনান
সাগরিকার বিরহ, সাগরিকার সহিত অকস্মাৎ রাত
সাক্ষাৎকার, ও রাজমহিষী বাসবদত্তার বেশে সাগরিক
রাজসমাগম, দ্বিতীয় ও তৃতীয় অঙ্কে এই সকল বি
বর্ণন কালে, কবি যেরূপ কৌশল ও যেরূপ কা
প্রদর্শন করিয়াছেন, শকুন্তলা ভিন্ন আর কো
নাটকেই সেরূপ দেখিতে পাওয়া যায় না। না
নন্দও উত্তম নাটক বটে, কিন্তু রত্নাবলী অপেক্ষা অ
ন্যন।

রত্নাবলী^f ও নাগানন্দ শ্রীহর্ষদেবপ্রণীত। শ্রীহর্ষ

শ্মীরের রাজা ছিলেন। কঙ্কণরাজতরঙ্গিনীর সপ্তম তরঙ্গে শ্রীহর্ষদেবের রুতাস্ত বর্ণিত আছে। রাজতরঙ্গিনীতে রত্নাবলী ও নাগানন্দের উল্লেখ নাই, কিন্তু একরূপ লিখিত আছে, শ্রীহর্ষদেব অশেষদেশভাষাজ্ঞ, সর্ব ভাষায় সংকবি। সমস্ত বিদ্যার আধার ছিলেন (১৫)। রত্নাবলী ও নাগানন্দের প্রস্তাবনাতে রাজশ্রীহর্ষদেবপ্রণীত বলিয়া নির্দেশ আছে, এবং রাজতরঙ্গিনীতেও রাজা শ্রীহর্ষদেব সংকবি লিয়া লিখিত আছে; সুতরাং, রাজতরঙ্গিনীর শ্রীহর্ষদেব যে রত্নাবলী ও নাগানন্দের রচয়িতা, একরূপ নির্দেশ নতাস্ত অসঙ্গত বোধ হয় না। বিশেষতঃ, আর কোনও গ্রন্থে আর কোনও রাজা শ্রীহর্ষদেবের উল্লেখ দৃষ্টিতে পাওয়া যায় না। শ্রীহর্ষদেব, কিঞ্চিৎ অধিক ষাট শত বৎসর পূর্বে, কশ্মীরের সিংহাসনে আরোহণ করিয়াছিলেন।

একরূপ প্রবাদ আছে, ধাবক নামে এক কবি রত্নাবলী ও নাগানন্দ রচনা করেন; শ্রীহর্ষদেব, অর্থ প্রদান দ্বারা ধাবককে সম্মত ও সম্মুগ্ধ করিয়া, ঐ দুই নাটক আপন নামে প্রচলিত করিয়াছেন। প্রসিদ্ধ প্রধান আলঙ্কারিক মনুট-চট্টের লিখন দ্বারাও এইরূপ প্রতিপন্ন হইয়া থাকে (১৬)।

(১৫) সৌম্যদেয়ভাষ্য: সর্বভাষাস্ত সৎকবি:।

কঙ্কণবিদ্যানিধি: সাম খ্যানি দেয়ানবৈজদি ॥ ৩।৫১।।

(১৬) স্রীহর্ষদেবীকাদীনামিব ঘনম্ ৩ কাব্যপ্রকাশ।

কিন্তু ধাবক ও শ্রীহর্ষদেবে সহস্র বৎসরেরও অধি
অস্তর। উভয়ে এক সময়ের লোক নহেন। কালিদায়ে
মালবিকাগ্নিমিত্রের প্রস্তাবনাতে, প্রাচীন নাটকলেখ
বলিয়া, ধাবকের নামোক্ত আছে (১৭)। তদনুসারে
ধাবক বিক্রমাদিত্যের সময়েরও পূর্বে প্রাদুর্ভূত হইয়া
ছিলেন। সুতরাং, ঐ লোকপ্রবাদ ও তন্মূলক মন্মটে
সিদ্ধান্ত অমূলক বোধ হইতেছে। আর, যখন শ্রীহর্ষ
দেবের সংকবিত্ব ও অশেষবিদ্যাশালিত্ব প্রামাণিক পুরাণ
গ্রন্থ দ্বারা প্রতিপন্ন হইতেছে, তখন, অমূলক লোকপ্রবাদ
ও তন্মূলক মন্মটের লিখন রক্ষার নিমিত্ত, ধাবকান্ত
কল্পনা করিয়া, শ্রীহর্ষদেবের কবিকীর্তি লোপ কর
কোনও ক্রমে আয়ানুগত বোধ হইতেছে না।

মৃচ্ছকটিক ।

মৃচ্ছকটিকের রচনা ও বর্ণনা দেখিলে স্পষ্ট বোধ হয়
ইহা অতি প্রাচীন গ্রন্থ। বোধ হয়, সংস্কৃত ভাষায় একে
যত নাটক আছে, মৃচ্ছকটিক সর্বাপেক্ষা প্রাচীন। গ্রন্থ
কর্তার নাম শূদ্রক। শূদ্রক, বিক্রমাদিত্যের পূর্বে, ভূমণ্ডে

(১৩) मथिनयममं धावकसौमिल्लकविद्वन्नादीनां मन्माननि-
क्रम्य वर्त्तमानकवेः कालिदासस्य जनौ किं जनौ बन्तमानः॥

ছুড়ত হইয়াছিলেন (১৮) । মৃচ্ছকটিকলেখক সংকবি
সংস্কৃত রচনায় অতিপ্রবীণ ছিলেন । এই নাটকের
নৈস্থানে অতি উৎকৃষ্ট বর্ণনা আছে, শ্লোক সকল
তন্দর ; আত্মোপাস্তের রচনা অতি প্রাঞ্জল । সমু-
পর্যালোচনা করিলে, মৃচ্ছকটিক অতি উত্তম কাব্য
; কিন্তু সর্বাংশে প্রশংসনীয় নাটক বলিয়া গণনীয়
তে পারে না । ইহা অবশ্যই স্বীকার করিতে হইবেক,
কটিক নাটক্যাংশে শকুন্তলা, রত্নাবলী ও উত্তরচরিত
গঙ্গা অনেক নূন ।

প্রস্তাবনাতে মৃচ্ছকটিক শূদ্রকপ্রণীত বলিয়া নির্দেশ
হ । কিন্তু, প্রস্তাবনার সমুদয় অংশ বিবেচনা করিলে,
ক রাজার ঐন্দুকর্তৃত্ব বিষয়ে নানা সংশয় উপস্থিত
। প্রস্তাবনাতে লিখিত আছে, “গজেন্দ্রগমন, চকোর-
ন, পূর্ণচন্দ্রবদন, সুষটিতকলেবর, অগাধবুদ্ধিশালী

- ১) ত্রিষু বর্ষসহস্রেষু কলৈর্যাতৈষু পার্থিব ।
ত্রিযতে চ দশন্যনে হ্যস্যাং মুবি ভবিস্মৃতি ॥
শুভ্রকৌ নাম বীরাণ্যামধিপঃ সিদ্ধসত্তমঃ ।
ন্বপানু সর্ষানু পাপরূপানু বর্দ্ধিতানু যৌ হনিষ্মতি ॥
চর্ষিতায়াং সমারাদ্য লস্মতে ভূমরাপহঃ ।
ততস্ত্রিষু সহস্রেষু দশাধিকশততয়ে ॥
ভবিস্ম্য নন্দরাজ্যস্ত্র চাণক্যো যানু হনিষ্মতি ॥
যুক্ততীর্থ সর্ষপাদনির্মুক্তি যোগলস্মতে ॥
ততস্ত্রিষু সহস্রেষু সহস্রাভ্যধিকেষু চ ।
ভবিস্ম্যো বিক্রমাদিন্যৌ রাজ্য সৌল দলস্মতে ॥
কুমারিকাথও যুগব্যবস্থাধায় ।

শূদ্রক নামে প্রসিদ্ধ কবি ছিলেন” (১৯)। “শূদ্রক কবি
পুত্রকে সিংহাসনে অধিষ্ঠিত দেখিয়া, মহাসমারোহে
অশ্বমেধ যজ্ঞ করিয়া, এবং এক শত বৎসর দশ দিবস
আয়ুঃ লাভ করিয়া, অগ্নিপ্রবেশ করিয়াছেন” (২০)। শূদ্রক
রাজা, কবি ও অগাধবুদ্ধিশালী হইয়া, গজেন্দ্রগণ-
চকোরনয়ন, পূর্ণচন্দ্রবদন, সূচ্যটিকলেবর ইত্যাদি বিশেষ
দ্বারা আপন গ্রন্থে আপনার বর্ণন করিবেন, সম্ভব হই-
বে না। বিশেষতঃ, এক শত বৎসর দশ দিবস অ-
লাভ করিয়া, অগ্নিপ্রবেশ দ্বারা স্বীয় প্রাণত্যাগের বি-
ষয়ে নির্দেশ করা কোনও ক্রমে সংলগ্ন হইতে পা-
রা না। ইহাতে, অনায়াসে এরূপ অনুমান করা যাই-
পারে, যুদ্ধকটিক শূদ্রক রাজার প্রণীত নহে, অথবা, প্রস্তু-
নাংশ শূদ্রকের মৃত্যুর পর অন্য দ্বারা রচিত ও যুদ্ধকটি-
ক যোজিত হইয়াছে। কিন্তু, প্রস্তাবনা ও নাটকের রচনা
এরূপ সৌন্দর্য্য যে এই দুই বিষয় বিভিন্ন লেখনীর
হইতে বিনির্গত, এরূপ প্রতীতি হওয়া দুর্ঘট। বিশেষতঃ
প্রস্তাবনা গ্রন্থকর্তা ভিন্ন অন্য ব্যক্তি দ্বারা লিখিত
এরূপ ব্যবহার অদৃষ্টচর ও অশ্রুতপূর্ব্ব। সংস্কৃত নাটকে

(১৯) যত্নকবিঃ কিল

দ্বিরদেন্দ্রগতিস্বকীরনেত্রঃ পরিপূর্ণেন্দুমুগ্ধঃ স্তুবিমহম্বষ।
দ্বিজমুখ্যেতমঃ কবির্ভম্বম্ব মথিতঃ সুদ্রক ইত্যগাধমন্দা।

(২০) রাজানং বীজ্য পুত্রং পরমমম্বদয়েনাস্বমেধেন বেদ্বা।

লগ্ন্বা শ্বাযুঃ যতাব্দং দশদিনমহিতং সুদ্রকোয়ম্ভিঃ পরি

প্রস্তাবনা নাটকের অবয়ব স্বরূপ, তাহা অন্য ব্যক্তি দ্বারা
ক্লান্ত হওয়া কোনও ক্রমে সম্ভব বোধ হয় না।

মুদ্রারাক্ষস ।

মুদ্রারাক্ষস বিশাখদেবপ্রণীত। প্রস্তাবনায় নির্দিষ্ট
মাছে, বিশাখদেব রাজার পুত্র। বিশাখ সংকবি ও সং-
হৃতরচনা বিষয়ে অতি প্রবীন ছিলেন। কিন্তু তাঁহার রচনা
ম্যক প্রাঞ্জল ও ললিত নহে। যাহা হউক, মুদ্রারাক্ষস এক
বতুলম নাটক। চাণক্য, নন্দবংশকে রাজ্যচ্যুত করিয়া,
চন্দ্রগুপ্তকে পাটলিপুত্রের সিংহাসনে প্রতিষ্ঠিত করেন।
কিন্তু রাজ্যভ্রষ্ট নন্দবংশের অমাত্য রাক্ষস অত্যন্ত প্রভু-
রাষণ ও নীতিবিদ্যায় অদ্বিতীয় ছিলেন। তিনি চন্দ্র-
গুপ্তের প্রতিপক্ষ থাকিলে, তদীয় সিংহাসন বন্ধমূল হয়
।; এই নিমিত্ত চাণক্য, স্বীয় অসাধারণ কৌশলে ও
নীতি প্রভাবে, রাক্ষসকে চন্দ্রগুপ্তের প্রধান অমাত্যের পদ
দায়ী করান। এই বিষয় মুদ্রারাক্ষসে সুন্দর রূপে
বর্ণিত হইয়াছে।

বেণীসংহার ।

বেণীসংহার ৯ ভট্টনারায়ণপ্রণীত । এরূপ কিংবদন্তি আছে, রাজা আদিশূর কান্যকুব্জ হইতে গোড়িদেউগাঁও পক্ষ ত্রাঙ্কণ আনয়ন করেন, ভট্টনারায়ণ তাঁহাদের মধ্যে এক জন । এই নাটক নাটকের প্রায় সমুদয় লক্ষণে অলঙ্কৃত সাহিত্য দর্পণের ষষ্ঠপরিচ্ছেদে, নাটক সংক্রান্ত বিষয়ে উদাহরণ প্রদর্শনের নিমিত্ত, বেণীসংহার হইতে যত উদ্ধৃত হইয়াছে, অন্য কোনও নাটক হইতে তত নহে । কিন্তু ভট্টনারায়ণের রচনা প্রাচীন কবিদের রচনার ন্যায় মনোহারিণী নহে । রচনার ন্যূনতা প্রযুক্তই বেণীসংহার নাটকের সমুদয় লক্ষণে আক্রান্ত হইয়াও, কাব্য অংশে শকুন্তলা, রত্নাবলী, উত্তরচরিত, মৃচ্ছকটিক, মুদ্রারাক্ষস প্রভৃতি অপেক্ষা অনেক নূন । বেণীসংহার দীররসাত্তি নাটক । ইহাতে কুরুপাণ্ডবযুদ্ধ বর্ণিত হইয়াছে । স্থানে স্থানে বীর ও কৰুণ রস সংক্রান্ত উত্তম উত্তম রচনা ও উত্তম উত্তম বর্ণনা আছে ।

যে সকল নাটকের বিষয় উল্লিখিত হইল, সংস্কৃত ভাষা তদ্ব্যতিরিক্ত অনেক নাটক আছে ; বাহুল্যভয়ে এ স্থলে সে সকলের উল্লেখ করা গেল না । সমুদয়ে বিরাশি খাঁটি নাটকের নাম পাওয়া গিয়াছে ; তন্মধ্যে তেত্রিশ খাঁটি

বিদ্যমান বলিয়া বিজ্ঞাত ; অবশিষ্ট সকলের
 পক্ষে ও সাহিত্য দর্পণে উল্লেখ আছে, এবং
 প্রদর্শনের নিমিত্ত, অনেকেরই কোনও কোনও
 শ উদ্ধৃত হইয়াছে। কুন্দমালা, উদাত্তরাঘব,
 পরামায়ণ প্রভৃতি কতিপয় নাটকের উদ্ধৃত অংশ
 বোধ হয়, ঐ সকল নাটক অত্যাৎকৃষ্ট।

উপাখ্যান।

গম্পচ্ছলে বালকদিগের নীতি শিক্ষার নিমিত্ত, মনুষ্য,
 পক্ষীর কম্পিত বৃত্তান্ত ঘটিত যে সকল গ্রন্থ
 হ, অথবা গ্রন্থকর্তার স্বৈচ্ছা অনুসারে নানা লৌকিক
 লৌকিক বৃত্তান্ত ঘটিত যে সকল গ্রন্থ রচনা করিয়া-
 ভারতবর্ষীয় পণ্ডিতেরা উছাদিগকেও কাব্য নামে
 শি করিয়া থাকেন। কিন্তু, কি কথাযোজনা, কি রচনা,
 বর্ণনা, কোনও অংশেই উছারা কাব্যনামের যোগ্য
 । সংস্কৃত উপাখ্যানগ্রন্থ কেবল গদ্য, কেবল পদ্য, ও
 পদ্য উভয়ত্রাক আছে। কিন্তু তাহারা প্রকৃত রূপে
 শ্রীতে পরিগণিত হইতে পারে না। এই নিমিত্ত
 হলে তাহাদের উল্লেখ করা যায় নাই। উপাখ্যানের
 য কয়েক খানি বিশেষ প্রসিদ্ধ, এক্ষণে তাহাদের
 সংক্ষেপে উল্লিখিত হইতেছে।

পঞ্চতন্ত্র ও হিতোপদেশ ।

পঞ্চতন্ত্রের রচনাপ্রণালী দৃষ্টে স্পষ্ট বোধ হয়। অতি প্রাচীন গ্রন্থ। প্রাচীন বলিয়া উহার রচনা অত্যন্ত সরল। এরূপ সরল সংস্কৃত গ্রন্থ আর দৃষ্টিগোচর না। পঞ্চতন্ত্রের প্রাচীনত্ব ও তন্নিবন্ধন সরলত্ব ব্যতীত আর কিছুই বিশেষ প্রশংসনীয় নহে। রচনার মাধুর্য নাই, কথাষোজনার চাতুর্য্য নাই; অধিকন্তু, মধ্যে মধ্যে বহুতর অসার ও অসহজ কথা আছে। বোধ হয়, কোন বিশেষ গুণ নাই বলিয়াই, পঞ্চতন্ত্র একান্ত উপেক্ষিত হইয়া আছে; অথচ অথচ গ্রন্থের স্থায়ী, সচরাচর সচলিত নহে। লিপিকরপ্রমাদ বশতঃ, পঞ্চতন্ত্রের স্থানস্থানের পাঠ এমন অপভ্রংশিত হইয়া গিয়াছে যে অর্থহীন ও তাৎপর্য্যহীন হওয়া দুর্ঘট। পঞ্চতন্ত্রে, বিষ্ণুশর্মা রাজপুত্রগণ শ্রোতা এই প্রণালীতে, মনুষ্য, পশু, পক্ষী, উপাখ্যানরূপে, নীতি উপদিষ্ট হইয়াছে। ইয়ুরোপীয় সংস্কৃতবেত্তারা পঞ্চতন্ত্রকে পারস্য, আরব, ইয়ুরোপীয় প্রভৃতি দেশীয় উপাখ্যানের মূল বলিয়া নির্দেশ করিয়াছেন।

হিতোপদেশকর্তা গ্রন্থারম্ভে প্রতিজ্ঞা করিয়াছেন, পঞ্চতন্ত্রের ও অন্যান্য গ্রন্থের সার সংকলন করিয়া, লিপিকরপ্রমাদ আরম্ভ করিলাম (২১)। বাস্তবিক, হিতোপদেশ

স্বর প্রতিক্রম স্বরূপ। পঞ্চতন্ত্রের দোষ গুণ অধিকাংশই হিতোপদেশে লক্ষিত হয়। বিশেষ এই, পঞ্চতন্ত্র অপেক্ষা হিতোপদেশের রচনা কিঞ্চিৎ গাঢ়, এবং প্রস্তুত বিষয়ের গদ্য অথবা দৃষ্টিকরণ বাসনায়, নানা প্রায়াগিক গ্রন্থে প্রমাণ, দৃষ্টান্ত, উদাহরণ স্বরূপ উত্তম উত্তম শ্লোক বন্ধ উদ্ধৃত হইয়াছে। কিন্তু গ্রন্থকর্তার সম্যক নন্দনরর অসম্ভাব প্রযুক্ত, অনেক স্থলেই উদ্ধৃত শ্লোক সকল মংলগ্ন হইয়া উঠিয়াছে; সেই সেই স্থলে প্রকৃত বিষয়ের হিত ঐ সকল শ্লোকের কোনও সম্বন্ধ দেখিতে পাওয়া যায় না। গ্রন্থকর্তা লিখিয়াছেন, উপাখ্যানস্থলে বালকগকে নীতি উপদেশ দিতেছি (২২)। কিন্তু, মধ্যে মধ্যে দ্বিবিষয়টিত এক একটি অতি অশ্লীল উপাখ্যান আছে। লক্ষ্মণের নির্মিত নীতিপুস্তক লিখিতে আরম্ভ করিয়া, বুঝিয়া, গ্রন্থকর্তা ঐ সকল অশ্লীল উপাখ্যান সঙ্কলন রিলেন, বলিতে পারা যায় না।

কোন ব্যক্তি পঞ্চতন্ত্র ও হিতোপদেশ রচনা করিয়া-ন, তাহার স্থিরতা নাই। অনেকে বিষ্ণুশর্মা কে এই ভয় গ্রন্থের রচয়িতা বলিয়া থাকেন; কিন্তু তাহার কোনও প্রমাণ নাই। পঞ্চতন্ত্রে ও হিতোপদেশে বিষ্ণুশর্মা বক্তা, জপুল্লগগ শ্রোতা; বোধ হয়, তদর্শনেই বিষ্ণুশর্মা

(২২) যদ্বৈ মাজনে লক্ষ্মণঃ সঙ্কারী নান্যথা মন্বত্ ।

কথাকল্পেন বালানাং নীতিদ্বিহিত্বং কথ্যতে ॥ .

এন্থকর্তা বলিয়া তাঁহাদের আশ্রিত জন্মিয়া থাকিবেক ।
 দুই এন্থ আছ্যোপাস্ত গণ্ডে রচিত, কেবল মধ্যে মধ্যে এ
 স্তরের শ্লোক উদ্ধৃত হইয়াছে । লল্লুলাল হিতোপদেশ
 নারায়ণপণ্ডিতপ্রণীত বলিয়া নির্দেশ করিয়াছেন (২৩
 কিন্তু, তাহার কোনও প্রমাণ পাওয়া যায় না ।

কথাসরিৎসাগর ।

কথাসরিৎসাগর সোমদেবভট্টপ্রণীত । উহা অতি বৃহৎ
 পুস্তক । সোমদেব স্বগ্রন্থের শেষে লিখিয়াছেন, কশ্মীরে
 অধিপতি অনন্তদেবের মহিষী সূর্য্যবতীর চিত্তবিনোদ সম্প্রদানের
 নিমিত্ত, আমি এই গ্রন্থ রচনা করিলাম । কল্প
 রাজতরঙ্গিণীর সপ্তম তরঙ্গে অনন্তদেব ও সূর্য্যবতীর বৃত্তান্ত
 আছে । রাজতরঙ্গিণীর গণনা অনুসারে, অনন্তদেব কিঞ্চিৎ
 অধিক আট শত বৎসর পূর্বে, কশ্মীরমণ্ডলের সিংহাসনে
 অধিরূঢ় হইয়াছিলেন । তদনুসারে, সোমদেবের কথাসরিৎ
 সাগর আট শত বৎসরের পুস্তক । এই অনন্তদেব বরত্নাবলী
 কর্তা শ্রীহর্ষদেবের পিতামহ । কথাসরিৎসাগরে যে সম

(২২) কাহ্ন সম্মৈ স্মীনারায়ণ্য মন্তিত নে নীতিয্যাক্সনি
 কথানিকৌ সংস্কৃ করি সংস্কৃতমে এক অস্মা মনাস বা
 . নাম স্ত্রীতৌদেহ ধর্যৌ । রাজনীতি ।

পাখ্যান আছে, তাহা তাদৃশ মনোহর নহে। ঐ সমুদয়
ল অলৌকিক ও অদ্ভুত ব্যাপারে পরিপূর্ণ। অলৌকিক
কৃতান্ত ষটিত উপাখ্যান সকল এক সময়ে সাতিশয়
মাহর ছিল, কিন্তু এক্ষণে আর তাহাদের তাদৃশ চমৎ-
রজনকত্ব নাই। সোমদেবের লিখন অনুসারে বোধ হই-
ছে, বৃহৎকথা নামে এক বহুবিস্তৃত উপাখ্যান গ্রন্থ ছিল,
নি তাহার সারসংগ্রহ করিয়াছেন। এই গ্রন্থ আছো-
স্ত পদ্যে রচিত।

বহুবিস্তৃত সংস্কৃত সাহিত্যে যে সমস্ত প্রধান গ্রন্থ
হে, তাহাদের বিষয় সংক্ষেপে উল্লিখিত হইল।
স্কৃত কবিরা আদিরস, করুণরস ও শাস্তুরস সংক্রান্ত যে
ল বর্ণনা করিয়াছেন, তাহা যেরূপ মনোহর, তাহাদের
ছ, বীর, ভয়ানক প্রভৃতি রস সংক্রান্ত বর্ণন তাদৃশ
মাহর নহে। কলতঃ, তাঁহারা মধুর ও ললিত বর্ণনাতে
প নিপুণ, উদ্ধত, ওজস্বী ও প্রগাঢ় বর্ণনাতে তদনুরূপ
পুণ নহেন। নায়ক নায়িকার প্রথমদর্শন, পূর্বরাগ,
বিরহ, প্রবাস, শোক, বৈরাগ্য, উপবন, বসন্ত, লতা,
প্রভৃতির বর্ণনা যেরূপ হৃদয়গ্রাহিণী; যুদ্ধ, ভয়,
তি, সমুদ্র প্রভৃতির বর্ণনা তদনুযায়িনী নহে।

উপসংহার ।



সংস্কৃত ভাষা ও সংস্কৃত সাহিত্যশাস্ত্রের বি
সংক্ষেপে উল্লিখিত হইল। অনেকে সংস্কৃত ভাষার অ
শীলন একান্ত অকিঞ্চিৎকর জ্ঞান করিয়া থাকেন।
নিমিত্ত, সংস্কৃত ভাষার ফলোপায়কতা বিষয়ে সংক্ষে
কিঞ্চিৎ বর্ণন করিয়া প্রস্তাব সমাপন করিব।

সংস্কৃত ভাষার অনুশীলনে নানা ফল। ইয়ুরোপে শ
বিজ্ঞান যে ইয়তী শ্রীবৃদ্ধি হইয়াছে, সংস্কৃত ভাষার অ
শীলন তাহার মূল। ইয়ুরোপীয় পণ্ডিতেরা সংস্কৃত ভা
অনুশীলন দ্বারা অত্র অত্র ভাষার মূলনির্ণয়, স্বরূপপা
জ্ঞান ও মর্মোন্বেদে সমর্থ হইয়াছেন; এবং এই পৃষ্টি
যে নানা মানবজাতির আবাসস্থান, তাহাদের কে কে
শ্রেণীর অন্তর্গত, কে কোন দেশের আদিম নিবাসী লো
কে কোন প্রদেশ হইতে আসিয়া কোন প্রদেশে ব
করিয়াছে; ইত্যাদি নিদ্ধারণ করিতে আরম্ভ করিয়াছেন
কিন্তু, ইয়ুরোপীয় শব্দবিজ্ঞা যাবৎ সংস্কৃত ভাষার সহায়
প্রাপ্ত হয় নাই, তত দিন পর্য্যন্ত এই সকল বিষয় অন্ধকার
আচ্ছন্ন ছিল; এই নিমিত্তই, ডাক্তর মোক্ষ মু
সংস্কৃত ভাষাকে সকল ভাষার ভাষা বলিয়া নির্দেশ
করিয়াছেন। ১

দ্বিতীয়তঃ, সংস্কৃত ভাষার অনুশীলনের এক অতি প্রধান
 এই যে, ইদানীন্তন কালে ভারতবর্ষে হিন্দী, বাঙ্গালা
 ও যে সকল ভাষা কথোপকথনে ও লৌকিক ব্যবহারে
 চলিত আছে, সে সমুদয় অতি হীন অবস্থায় রহিয়াছে।
 একপ্রকার বিধিনির্ভঙ্ক স্বরূপ হইয়া উঠিয়াছে যে,
 যি পরিমাণে সংস্কৃত কথা লইয়া ঐ সকল ভাষায়
 মিশ্রিত না করিলে, তাহাদের সমৃদ্ধি ও শ্রীবৃদ্ধি
 স্পাদন করা যাইবেক না। কিন্তু, সংস্কৃত ভাষার
 পূর্ণরূপ ব্যুৎপত্তি লাভ ব্যতিরেকে, তৎসম্পাদন কোনও
 তে সম্ভাবিত নহে। ইহা অবশ্য স্বীকার করিতে হই-
 ক, ভারতবর্ষীয় সর্বসাধারণ লোক বিজ্ঞানুশীলনের ফল-
 গণী না হইলে, তাহাদের চিন্তক্ষেত্র হইতে চিরপ্রকৃত
 সংস্কারের সমূলে উন্মূলন হইবেক না; এবং হিন্দী,
 বাঙ্গালা প্রভৃতি তত্তৎ প্রদেশের প্রচলিত ভাষাকে
 রিস্বরূপ না করিলে, সর্বসাধারণের বিজ্ঞানুশীলন সম্পন্ন
 ওয়া সম্ভব নহে। সুতরাং, ইয়ুরোপীয় কোনও ভাষা
 ইতে পুরাবৃত্ত পদার্থবিজ্ঞা প্রভৃতি ঐ সকল প্রচলিত
 ভাষায় সঙ্কলিত হওয়া অত্যাবশ্যিক। কিন্তু, সংস্কৃত না
 গনিলে, কেবল ইংরেজী শিখিয়া, আমরা যে ঐ মহোপ-
 গারক গুরুতর বিষয় সম্পন্ন করিতে পারিব, ইহা কোনও
 তে সম্ভাবিত নহে।

তৃতীয়তঃ, পূর্বকালীন লোকদিগের আচার, ব্যবহার,

রীতি, নীতি, ধর্ম, উপাসনা ও বুদ্ধির গতি প্রভৃতি বি
সকল মনুষ্যমাত্রের অবশ্যজ্ঞেয়, ইহা বোধ হয়, সকল
অঙ্গীকার করিয়া থাকেন। অত্ৰ অত্ৰ দেশ সংক্রান্ত
সমস্ত বিষয় তত্তদদেশীয় পুরাবৃত্ত গ্রন্থ দ্বারা অবগত হও
য়ায়। সংস্কৃত ভাষায়, রাজতরঙ্গিণী ব্যতিরিক্ত, প্রকৃত
পুরাবৃত্ত গ্রন্থ এক খানিও নাই। রাজতরঙ্গিণীতেও এই ব্য
বিস্তৃত ভারতবর্ষের এক অতি ক্ষুদ্র অংশ কক্ষীরের পুরা
মাত্র সঙ্কলিত আছে। সেই সঙ্কলিত পুরাবৃত্তও সর্বসাধারণ
লোক সংক্রান্ত নহে। কে কোন সময়ে সিংহাসনে আর
হণ করিয়াছিলেন, কে কত দিন রাজ্যাশাসন ও প্রজাপাল
করিয়াছিলেন, কে কোন সময়ে সিংহাসনভ্রষ্ট হইয়া
ছিলেন, কে কাহাকে সিংহাসনভ্রষ্ট করিয়া স্বীয় ক্ষমতায়
রাজ্যাস্পদ অধিকার করিয়াছিলেন, এইরূপ, কেবল রাজ
দিগের বৃত্তান্ত মাত্র সঙ্কলিত হইয়াছে। সুতরাং, প্রকৃত
পুরাবৃত্তের নিতান্ত অসম্ভাবস্থলে বেদ, স্মৃতি, দর্শন, পুরা
ইতিহাস, সাহিত্য প্রভৃতি শাস্ত্রের অনুশীলন ব্যতিরেকে
পূর্বকালীন ভারতবর্ষীয়দিগের আচার ব্যবহার প্রভৃতি
পরিজ্ঞানের আর কোনও পথ নাই।

চতুর্থতঃ, যাবতীয় সাহিত্যশাস্ত্রের অনুশীলনে
আমোদ, যে উপকার, যে উপদেশ লব্ধ হইয়া থাকে
সংস্কৃত সাহিত্যশাস্ত্র সেই আমোদ, সেই উপকার, সেই
উপদেশ প্রদানে অসমর্থ নহে।

এই সমস্ত সংস্কৃত ভাষার অনুশীলনসাপেক্ষ ।
একারণ, এতদ্দেশে যাঁহারা লেখা পড়ার চর্চা করিয়া
কেন, তাঁহারা যে এইরূপ মহোপকারিণী সংস্কৃত ভাষার
শীলনে একান্ত উপেক্ষা করেন, ইহা অল্প আক্ষেপের
ঘর নহে ।

সম্পূর্ণ

PRINTED BY PITAMBARA VANDYOPADHAYA,
AT THE SANSKRIT PRESS.

62, AMHERST STREET, 1879.